USAID
আমেরিকার জনগণের পক্ষ থেকে

নিসর্গ নেটওয়ার্ক

সহ-ব্যবস্থাপনা পরিকল্পনা

টেকনাফ বন্যপ্রানী অভয়ারণ্য

(২০১০-২০১৫)

শীলখালী সহ-ব্যবস্থাপনা কমিটি
টেকনাফ, কক্সবাজার

বন অধিদপ্তর

Department of Environment

সূচিপত্র

পার্ট - ১ ঃ বর্তমান অবস্থা পর্যালোচনা ঃ প্রাপ্ত তথ্যাদি এবং ইস্যুসমূহ			
ক্রমিক নং	**বিষয় বস্তু**	**ঃ**	**পৃষ্ঠা নং**
১.০	ভূমিকা	ঃ	২
১.১	অবস্থান এবং গঠন	ঃ	২
১.২	সহ-ব্যবস্থাপনার পরিকল্পনার উদ্দেশ্য	ঃ	২-৩
	চিত্র ১ঃ আইপ্যাকের আওতাধীন রক্ষিত এলাকাসমূহ	ঃ	৪
	চিত্র ২ঃ টেকনাফ বন্যপ্রানী অভয়ারন্যের ম্যাপ	ঃ	৫
	চিত্র ৩ ঃ টেকনাফ বন্যপ্রানী অভয়ারন্যের শীলখালী সিএমসির আওতাধীন ল্যান্ডস্কেপ ম্যাপ	ঃ	৬
২.০	জীববৈচিত্র্য সংরক্ষনের বৈশিষ্ট্যসমূহ	ঃ	৭
২.১	জীববৈচিত্র্যের গুর ত্ব	ঃ	৭
২.২	জীববৈচিত্র্য সংরক্ষনের উপকারিতা	ঃ	৭
২.৩	বন্যপ্রানী সংরক্ষন	ঃ	৭-৮
২.৪	বনাঞ্চলের জীব-ভৌত অবস্থা	ঃ	৮
৩.০	জীববৈচিত্র্য এবং আবাসস্থল	ঃ	৯
৩.১	প্রতিবেশ/বাস্তুতন্ত্র (উদ্ভিদ ও প্রানীকূলের সহিত পরিবেশের সম্পর্ক) বিশেণ্ডষন	ঃ	৯
৩.১.১	বনাঞ্চল ভিত্তিক পন্য	ঃ	৯
৩.২	জীববৈচিত্র্যের ব্যবহার	ঃ	৯
৪.০	জীববৈচিত্র্যের ব্যবস্থাপনার জন্য গৃহীত বর্তমান অবস্থা পর্যালোচনা	ঃ	৯
৪.১	বনাঞ্চল ব্যবস্থাপনার পদ্ধতি সমূহ ঃ	ঃ	৯-১০
৪.২	বন্যপ্রানী ব্যবস্থাপনা	ঃ	১০
৪.৩	জীববৈচিত্র্যের আবাসস্থল রক্ষনাবেক্ষন এবং পুনর দ্ধার	ঃ	১০
৪.৪	পরিবেশ বান্ধব পর্যটন	ঃ	১০-১১
৪.৫	বনাঞ্চল ভিত্তিক উৎপাদিত পন্য ব্যবস্থাপনা	ঃ	১১
৪.৬	সহ-ব্যবস্থাপনার জন্য বিদ্যমান সমস্যা সমূহ	ঃ	১১
৪.৭	প্রাতিষ্ঠানিক এবং সু-শাসন সম্পর্কিত ইস্যু সমুহ	ঃ	১১
৫.০	ল্যান্ডস্কেপ এলাকার বর্তমান অবস্থা	ঃ	১২
৫.১	ল্যান্ডস্কেপ পন্থা	ঃ	১২
৫.২	রক্ষিত এলাকা সংলগ্ন ল্যান্ডস্কেপ এলাকা	ঃ	১২
৫.৩	ভূমি ব্যবহার এর বর্তমান অবস্থা	ঃ	১২
৫.৪	ষ্টেকহোল্ডার বিশেণ্ডষণ	ঃ	১২
৫.৫	কৃষি জমি এবং বসতভিটার ব্যবহার	ঃ	১৩
৫.৬	বনভূমির অবৈধদখল	ঃ	১৩
পার্ট - ২ ঃ রক্ষিত এলাকার সহ-ব্যবস্থাপনা পরিকল্পনা বাস্ড়বায়নে কৌশলগত সুপারিশ সমূহ			
১.০	রক্ষিত এলাকার সহ-ব্যবস্থাপনা পরিকল্পনা	ঃ	১৫
১.১	উদ্দেশ্য	ঃ	১৫-১৬
১.২	সহ-ব্যবস্থাপনা পদ্ধতি	ঃ	১৬
১.২.১	সহ-ব্যবস্থাপনার উদ্দেশ্য সমূহ	ঃ	১৬

১.২.২	সহ-ব্যবস্থাপনা সংগঠন সমূহ	ঃ	১৬-১৭
১.২.৩	সুবিধা সমূহের বন্টন	ঃ	১৭
১.২.৪	ল্যান্ডস্কেপ উন্নয়ন তহবিল/এনডোমেন্ট ফান্ড/ঘূর্ণায়মান তহবিল	ঃ	১৭
২.০	আবাসস্থল পূনর"দ্ধার কর্মসূচি	ঃ	১৮
২.১	উদ্দেশ্যসমূহ	ঃ	১৮
২.২	বর্তমান বনাঞ্চল এবং তদসংলগ্ন ল্যান্ডস্কেপ ম্যাপ হালনাগাদ করন	ঃ	১৮
২.৩	সীমানা চিহ্নিতকরন	ঃ	১৮
২.৪	অবৈধভাবে গাছ কাটা/বনে আগুন দেয়া/বিল সেচা/পশু চরানো নিয়ন্ত্রন করা	ঃ	১৮
৩.০	ব্যবস্থাপনা কার্যক্রম	ঃ	১৯
৩.১	উদ্দেশ্য	ঃ	১৯
৩.২	তদসংলগ্ন ল্যান্ডস্কেপ এলাকা ব্যবস্থাপনা	ঃ	১৯
৩.৩	রক্ষিত এলাকার মুল অংশ (কোর জোন) ব্যবস্থাপনা	ঃ	১৯
৩.৩.১	আবাসস্থল উন্নয়ন কার্যক্রম	ঃ	১৯
৩.৩.১.১	এনরিচমেন্ট পণ্ডান্টেশন	ঃ	১৯
৩.৩.১.২	ঘাস জমির উন্নয়ন	ঃ	১৯
৩.৩.১.৩	জলাশয় রক্ষনাবেক্ষন	ঃ	১৯
৩.৩.১.৪	বিশেষ ধরনের আবাসস্থল রক্ষনাবেক্ষন	ঃ	১৯
৩.৩.২	আবাসস্থল পুনর"দ্ধার কার্যক্রম	ঃ	১৯
৩.৩.২.১	ওয়াটারশেড ব্যবস্থাপনা	ঃ	১৯
৩.৩.২.২	পরিবেশ বান্ধব কর্মকান্ড পুনর"দ্ধার	ঃ	২০
৩.৪	তদসংলগ্ন ল্যান্ডস্কেপ অঞ্চল (জোন)	ঃ	২০
৩.৪.১	বাফার অঞ্চল	ঃ	২০
৩.৪.২	ল্যান্ডস্কেপ অঞ্চল	ঃ	২০
৪.০	জীবীকায়ন এবং ভ্যালু চেইন কর্মসূচী	ঃ	২০
৪.১	উদ্দেশ্য	ঃ	২০
৪.২	ভেলু চেইন এবং কনর্জারভেশন এন্টারপ্রাইজ	ঃ	২০
৪.২.১	কৃষি এবং হর্টিকালচার ফসল	ঃ	২১
৪.২.১.১	সমন্বিত বসতভিটা খামার ব্যবস্থাপনা	ঃ	২১
৪.২.১.২	উচ্চফলনশীল ফসলের চাষাবাদ	ঃ	২১
৪.২.১.৩	ভিলেজ নার্সারী	ঃ	২১
৪.২.১.৪	হর্টিকালচার	ঃ	২১
৪.২.২	মৎস চাষ/আহরন	ঃ	২১
৪.২.৩	বাঁশ সম্পদ উন্নয়ন	ঃ	২১
৪.২.৪	হস্তশিল্প এবং তাঁতশিল্প	ঃ	২১
৪.২.৫	উন্নত চুলা	ঃ	২১
৫.০	ফেসেলিটিস (অবকাঠামো মূলক) উন্নয়ন কর্মসূচী	ঃ	২২
৫.১	উদ্দেশ্য সমূহ	ঃ	২২
৫.২	সুবিধাদির উন্নয়ন	ঃ	২২
৬.০	দর্শনার্থীর ব্যবস্থাপনা কর্মসূচি	ঃ	২২

৬.১	উদ্দেশ্য সমূহ	ঃ	২২
৬.২	পরিবেশ বান্ধব পর্যটন	ঃ	২২
৬.২.১	পরিবেশ বান্ধব পর্যটন এলাকা চিহ্নিতকরন	ঃ	২২
৬.২.২	সুবিধাদির উন্নয়ন	ঃ	২২
৬.২.২.১	প্রবেশ ফি	ঃ	২২
৬.২.২.২	প্রকৃতি এবং হাইকিং ট্রেইল	ঃ	২২-২৩
৬.২.২.৩	পিকনিকের জন্য সুবিধাদি	ঃ	২৩
৬.২.২.৪	কমিউনিটি ভিত্তিক পরিবেশ বান্ধব পর্যটন	ঃ	২৩
৬.২.২.৫	পরিবেশ বান্ধব পর্যটন নিয়ন্ত্রন	ঃ	২৩
৬.৩	সংরক্ষন বিষয়ক শিক্ষা ও সচেতনতা	ঃ	২৩
৬.৩.১	পর্যটন শিক্ষার জন্য ইন্টারপ্রিটেটিভ মাধ্যম	ঃ	২৩
৬.৩.২	পরিবেশ বিষয়ক শিক্ষা	ঃ	২৩
৭.০	অংশগ্রহন মূলক মনিটরিং (পরিবীক্ষন) এবং সক্ষমতা বৃদ্ধিকরন কর্মসূচী	ঃ	২৩
৭.১	উদ্দেশ্য সমূহ	ঃ	২৩
৭.২	অংশগ্রহন মূলক মনিটরিং	ঃ	২৪
৭.৩	প্রশিক্ষন	ঃ	২৪
৮.০	প্রাতিষ্ঠানিক উন্নয়ন কর্মসূচী	ঃ	২৪
৮.১	উদ্দেশ্যসমূহ	ঃ	২৪
৮.২	স্টাফিং এবং প্রশিক্ষন	ঃ	২৪
৮.৩	দায়িত্ব ও কর্তব্য সমূহ	ঃ	২৪
৯.০	বাজেট	ঃ	২৪
৯.১	বাজেট প্রনয়ন	ঃ	২৪
৯.২	বাজেট পরিবর্তন/পরিমার্জন	ঃ	২৪
১০.০	সহ-ব্যবস্থাপনা সংগঠনগুলোর ধারাবাহিকতার বজায় রক্ষার কৌশল	ঃ	২৫
১০.১	আইপ্যাকের আওতাধীন রক্ষিত এলাকা ভিত্তিক ধারাবাহিকতার কর্মপরিকল্পনা প্রনয়ন	ঃ	২৫
১০.২	ধারাবাহিকতার জন্য প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি এবং মানব সম্পদ উন্নয়ন	ঃ	২৫
১০.৩	দীর্ঘমেয়াদী এবং সম্মনিত আর্থিক ব্যবস্থাপনা গড়ে তোলা	ঃ	২৬
১০.৪	'নিসর্গ নেটওয়ার্কের' পলিসি এবং আইনগত সমর্থন নিশ্চিতকরন	ঃ	২৬
১০.৫	মত বিনিময়ের মাধ্যমে সহ-ব্যবস্থাপনা সংগঠনগুলির মধ্যে নেটওয়ার্ক স্থাপন	ঃ	২৬
১১.০	জলবায়ু পরিবর্তনের প্রভাব এবং সম্ভাব্য অভিযোজন পরিকল্পনা	ঃ	২৬
১১.১	জলবায়ু পরিবর্তন	ঃ	২৬
১১.২	জলবায়ু পরিবর্তনের কারণসমূহ	ঃ	২৭
১১.৩	টেকনাফ বন্যপ্রানী অভয়ারন্যের জলবায়ু পরিবর্তনের প্রভাবসমূহ	ঃ	২৭
১১.৩.১	সমুদ্রপৃষ্ঠের উচ্চতা বৃদ্ধি	ঃ	২৭
১১.৩.২	অতি বৃষ্টিপাত	ঃ	২৭
১১.৩.৩	নদীর ক্ষীণ প্রবাহ	ঃ	২৭
১১.৩.৪	আকস্মিক বন্যা	ঃ	২৭
১১.৩.৫	খরার প্রকোপ	ঃ	২৭
১১.৩.৬	ঝড় ঝঞ্ঝা	ঃ	২৭-২৮

১১.৩.৭	নদীতীর ও মোহনায় ভাঙ্গন ও ভূমি গঠন	ঃ	২৮
১১.৪	জলবায়ু পরিবর্তনের সাথে খাপ খাওয়াতে টেকনাফ বন্যপ্রানী অভয়ারন্যের জন্য করণীয় অভিযোজন সমূহ	ঃ	২৮
১১.৪.১	সমুদ্রপৃষ্ঠের উচ্চতা বৃদ্ধি/ঝড় ঝঞ্চা/আকস্মিক বন্যা/অতি বৃষ্টিপাত জনিত কৃষি ঝুঁকির অভিযোজন	ঃ	২৮
১১.৪.২	পানির ঝুঁকির অভিযোজন	ঃ	২৮
১১.৪.৩	স্বাস্থ্য ঝুঁকির অভিযোজন	ঃ	২৮
১১.৪.৪	উন্নয়ন ঝুঁকির অভিযোজন	ঃ	২৯
১১.৪.৫	খরা ঝুঁকির অভিযোজন	ঃ	২৯
১১.৫	অভিযোজনের উপায়সমূহ	ঃ	২৯
১১.৬	স্থানীয় জনগন কর্তৃক চিহ্নিতকৃত টেকনাফ বন্যপ্রানী অভয়ারন্যে এবং এর ল্যান্ডস্কেপ এলাকায় জলবায়ু পরিবর্তনজতিন ক্ষয়ক্ষতি এবং এর সম্ভাব্য অভিযোজন পরিকল্পনা	ঃ	৩০-৩৩
	পঞ্চ বার্ষিক উন্নয়ন পরিকল্পনা (সম্ভাব্য)	ঃ	৩৪-৪১

পার্ট - ১

বর্তমান অবস্থা পর্যালোচনা ঃ প্রাপ্ত তথ্যাদি এবং ইস্যুসমূহ

১.০ ভূমিকা

টেকনাফ বন্যপ্রাণী অভয়ারণ্য বাংলাদেশের অভয়ারণ্যগুলোর মধ্যে অন্যতম এবং জীববৈচিত্র্যের সমৃদ্ধির দিক থেকে রক্ষিত এলাকাগুলোর মধ্যে অনন্য। সরকার ১৯৮৩ সনে বাংলাদেশ বন্যপ্রাণী (সংরক্ষণ) (সংশোধন) আদেশ ১৯৭৪ মূলে ১১,৬১৫ হেক্টর বনভূমিকে প্রথমে 'গেইম রিজার্ভ' হিসাবে ঘোষণা করেন। পরবর্তীতে জীববৈচিত্র্য সংরক্ষণের বিষয়টি অনুধাবন করে প্রজ্ঞাপন নং-এমওইএফ/ফরেস্ট-২/০২/ওয়াইল্ডলাাইফ/১৫/২০০৯/৪৯২ তারিখঃ ০৯/১২/২০০৯ ইং মূলে উক্ত টেকনাফ গেইম রিজার্ভকে 'টেকনাফ বন্যপ্রাণী অভয়ারণ্য' হিসাবে ঘোষণা করা হয়। উক্ত অভয়ারণ্যের ১১,৬১৫ হে: বনভূমির মধ্যে ৩,৯৯৫.০ হেক্টর বনভূমি শীলখালী রেঞ্জ তথা শীলখালী সহ-ব্যবস্থাপনা কমিটির (সিএমসির) আওতাধীন রয়েছে। এক জরীপে দেখা যায় এই এলাকায় ২৯০ প্রজাতির উদ্ভিদ, ৫৫ প্রজাতির স্ড়্যাপায়ী প্রানী, ২৮৬ প্রজাতির পাখি, ৫৬ প্রজাতির সরীসৃপ এবং ১৩ প্রজাতির উভচর প্রাণী রয়েছে। অভয়ারণ্যের প্রধান প্রধান উদ্ভিদ গুলোর মধ্যে গর্জন, কড়ই, চাপালিশ, বাটনা, জাম, জার"ল, গোদা, সেগুন, শেওড়া এবং প্রানী প্রজাতির মধ্যে হাতি, মুখপোড়া হনুমান, মায়া হরিণ, ধনেশ ও অজগর উলে- খযোগ্য। ঘন জনবসতি বনের উপর অতি মাত্রায় নির্ভরশীলতা, বনভূমি হ্রাস, বনভূমির বিভক্তি, জবরদখল, অবৈধ বৃক্ষ নিধন ও বন্যপ্রাণী শিকারের ফলে বনের জীববৈচিত্র্য আজ হুমকির সম্মুখীন। এরূপ পরিস্থিতিতে বনের জীববৈচিত্র্য তথা প্রাকৃতিক পরিবেশ রক্ষার উদ্দেশ্যকে সামনে রেখে স্থানীয় জনগোষ্ঠীকে (বিশেষতঃ বন নির্ভলশীল) সহ-ব্যবস্থাপনায় নিয়োজিত করে বনের জীববৈচিত্র্য সংরক্ষণের পাশাপাশি তাদের আর্থ-সামাজিক অবস্থা উন্নয়নের লক্ষ্যেই এই সহ-ব্যবস্থাপনা পরিকল্পনা প্রনয়নের উদ্যোগ নেওয়া হয়েছে। সহ-ব্যবস্থাপনায় নিয়োজিত নেতৃবৃন্দকে নিজেদের পরিকল্পনা নিজেরাই প্রনয়ন এবং বাস্ড়বায়নের লক্ষ্যে উপযোগী করে তোলা এই সহ-ব্যবস্থাপনা পরিকল্পনা প্রনয়নের অন্যতম মূল লক্ষ্য।

যাহোক টেকনাফ বন্যপ্রাণী অভয়ারণ্যের আওতাধীন শীলখালী সহ-ব্যবস্থাপনা কমিটির সদস্যদের স্বল্প মেয়াদী (তিন দিন) প্রশিক্ষনের মাধ্যমে প্রনীত এই সহ-ব্যবস্থাপনা পরিকল্পনা, যা আইপ্যাক প্রকল্পের মাঠ পর্যায়ের কর্মী (Performance Monitoring and Applied Research Associate) এর সার্বিক সমন্বয়ের দায়িত্ব পালন করেছেন। এই সহ-ব্যবস্থাপনা পরিকল্পনা টেকনাফ বন্যপ্রানী অভয়ারন্য তথা শীলখালী সহ-ব্যবস্থাপনা কমিটির আওতাধীন এলাকার ব্যবস্থাপনা এবং উন্নয়নে দিক নির্দেশনা হিসাবে বিবেচিত হতে পারে।

১.১ অবস্থান এবং গঠন

'টেকনাফ বন্যপ্রাণী অভয়ারণ্য' কক্সবাজার জেলার টেকনাফ উপজেলায় অবস্থিত। ৯২ক্র২০' অক্ষাংশে এবং ২১.০০ক্র দ্রাঘিমাংশে কক্সবাজার শহর থেকে ৭০ কিঃ মিঃ দক্ষিনে এর অবস্থান। এই বন্যপ্রাণী অভয়ারণ্যের ৩,৯৯৫.০ হেক্টর বনভূমি কক্সবাজার দক্ষিন বনবিভাগের অন্র্ড়ভূক্ত শীলখালী রেঞ্জ তথা শীলখালী সিএমসির আওতাধীন। এই রেঞ্জ এর আওতায় শীলখালী সদর, মাথাভাঙ্গা, রাজারছড়া নামক ৩ টি বন বিট রয়েছে। এ বনভূমির উত্তরে হোয়াইক্যং রেঞ্জ এবং দক্ষিন-পূর্বে টেকনাফ রেঞ্জ অবস্থিত।

এখানে চিরহরিৎ ও মিশ্র চিরহরিৎ পাহাড়ী বনভূমি বিদ্যমান। মাটি প্রধানতঃ কর্দমাক্ত হতে কর্দমাক্ত দো-আশঁ এবং পাহাড়ে কর্দমাক্ত দো-আশঁ হতে মোটা বালি বিদ্যমান। বেশ কিছু পাহাড়ী ছড়া পশ্চিম দিকে প্রবাহিত হয়ে বঙ্গোপসাগরে পতিত হয়েছে।

১.২ সহ-ব্যবস্থাপনা পরিকল্পনার উদ্দেশ্য

- **জীববৈচিত্র্য সংরক্ষণ :** প্রাকৃতিক সম্পদের দিক থেকে টেকনাফ বন্যপ্রাণী অভয়ারণ্য অত্যন্ড় গুর"ত্বপূর্ণ। উক্ত অভয়ারণ্যে ২৯০ প্রজাতির উদ্ভিদ, ৫৫ প্রজাতির স্ড়্যাপায়ী প্রানী, ২৮৬ প্রজাতির পাখি, ৫৬ প্রজাতির সরীসৃপ এবং ১৩ প্রজাতির উভচর প্রাণী রয়েছে। অভয়ারণ্যের প্রধান প্রধান উদ্ভিদ প্রজাতির গুলোর মধ্যে গর্জন, কড়ই, চাপালিশ, বাটনা, জাম, জার"ল, সেগুন, কামদেব, আলাদিয়া, গোদা, শেওড়া, উলেণ্টখযোগ্য। বন্যপ্রানীর মধ্যে হাতি, বানর, মুখপোড়া হনুমান, মায়া হরিণ, ধনেশ, অজগর প্রভৃতি উলে- খযোগ্য। অত্যধিক জনসংখ্যার চাপে এবং অপরিকল্পিত বনজ সম্পদ আহরণের ফলে প্রাকৃতিক সম্পদ অর্থাৎ উদ্ভিদ ও বন্যপ্রাণী মারাত্নক হুমকির সম্মুখীন।

- **ল্যান্ডস্ক্যাপের উন্নয়ন :** টেকনাফ বন্যপ্রাণী অভয়ারণ্যের ল্যান্ডস্কেপে বসবাসকারী জনগণ বনের প্রাকৃতিক সম্পদের উপর নির্ভরশীল। তাই ল্যান্ডস্কেপ এলাকায় বসবাসকারী জনগণের বন নির্ভলশীলতা কমানোর জন্য এ এলাকায় প্রাকৃতিক সম্পদের সম্প্রসারণ এবং জনগণের বিকল্প কর্ম সংস্থানের ব্যবস্থা করা না গেলে প্রাকৃতিক সম্পদের উন্নয়ন সম্ভবপর বলে প্রতিয়মান হয় না।
- **ইকো-টুরিজম সম্প্রসারণ :** শীলখালী রেঞ্জের পশ্চিমে বঙ্গোপসাগর এবং ঐতিহাসিক গর্জন বন বিধায় এখানে পর্যটকের বেশ সমাগম ঘটে। এখানে আরো বেশ কিছু ঐতিহাসিক দর্শনীয় স্থান রয়েছে। এসব এলাকা সম্পর্কে জনগণকে ব্যাপকভাবে জানানোর মাধ্যমে এলাকার ইকো-টরিজমকে আরো সম্প্রসারিত করা সম্ভবপর।
- **জলবায়ুর বিরূপ প্রতিক্রিয়া মোকাবেলা :** বনের গাছপালা কমে যাওয়ায় প্রতি বছর পাহাড় ধ্বস হচ্ছে। তাই প্রাকৃতিক দূর্যোগ থেকে রক্ষা পাওয়ার জন্য জনগণকে ব্যাপকভাবে সচেতন করা প্রয়োজন।
- **বনজ সম্পদের অপব্যবহার রোধ :** প্রাকৃতিক বনজ সম্পদের মধ্যে এখানে বন্য পশুপাখি, বৃক্ষরাজি, পাথর ইত্যাদি উলে- খযোগ্য। অবৈধভাবে স্থানীয় জনগোষ্ঠী এ সব অমূল্য সম্পদ সংগ্রহ এবং ধ্বংস করছে। তাই প্রাকৃতিক ভারসাম্য বজায় রাখার স্বার্থে প্রতিটি প্রাকৃতিক সম্পদ যথাযথভাবে সংরক্ষণের উদ্যোগ নেওয়া জর"রী।
- **বন নির্ভরশীল জনগোষ্ঠীর উন্নয়ন :** অতি দারিদ্র্যের কারণে এলাকার বহু লোক প্রত্যক্ষ বা পরোক্ষভাবে বিভিন্ন বনজ সম্পদের উপর নির্ভরশীল। প্রাকৃতিক সম্পদের যথাযথ সংরক্ষণ ও উন্নয়নে বন নির্ভরশীল জনগোষ্ঠীর বিকল্প কর্ম সংস্থান/আয়ের ক্ষেত্র সৃষ্টি করা না হলে প্রাকৃতিক সম্পদ সংরক্ষণ অত্য"ড় কঠিন হবে। তাই স্থানীয় বন নির্ভরশীল জনগোষ্টীর বিকল্প আয়ের ব্যবস্থা করার উদ্যোগ নেওয়া প্রয়োজন।
- **রক্ষিত এলাকা সম্পর্কে জনগণের মধ্যে সচেতনতা বৃদ্ধি :** টেকনাফ বন্যপ্রাণী অভয়ারণ্য একটি সংরক্ষিত বন। এখানকার প্রাকৃতিক সম্পদ সংরক্ষণ ও ব্যবহারে সরকারের বিভিন্ন আইনকানুন রয়েছে। তাই এ এলাকার প্রাকৃতিক সম্পদ সংরক্ষণ ও জনগোষ্টীর ব্যবহারের ব্যাপারে জনগণকে ব্যাপকভাবে সচেতন করতে ব্যাপক ভাবে উদ্যোগ গ্রহন করা প্রয়োজন।



চিত্র ১ঃ আইপ্যাকের আওতাধীন রক্ষিত এলাকা সমূহ



চিত্র ২ ঃ টেকনাফ বন্যপ্রানী অভয়ারন্যের ম্যাপ



চিত্র ৩ ঃ টেকনাফ বন্যপ্রানী অভয়ারণ্যের শীলখালী সিএমসির আওতাধীন ল্যান্ডস্ক্যাপ ম্যাপ

২.০ জীববৈচিত্র্য সংরক্ষণের বৈশিষ্টসমূহ

২.১ জীববৈচিত্র্যের গুরুত্ব

কোন এলাকার জীববৈচিত্র্যের গুরুত্ব বলার অপেক্ষা রাখে না। জীববৈচিত্র্য প্রতিবেশের অবিচ্ছেদ্য অংশ। এদের ছাড়া পরিবেশ ও প্রতিবেশ কল্পনাও করা যায় না। জীববৈচিত্র্য যে কোন নিদিষ্ট বাস্তুতন্ত্রের খাদ্য শৃঙ্খলের প্রধান নিয়ামক। এদের ছাড়া খাদ্য উৎপাদন, পচন এবং পূনরায় খাদ্য শৃঙ্খলে ফিরে আসা সম্ভবপর না। বাস্তুতন্ত্রের সকল জীব ও জড় উৎপাদনের ধারাবাহিকতা ঠিক রাখতে জীববৈচিত্র্য গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। জীববৈচিত্র্য বিনষ্ট হলে মানুষের অস্তিত্বও হুমকির মধ্যে পড়বে। জীববৈচিত্র্যের গুরুত্ব মোটামুটি নিম্নরূপঃ

- **প্রাকৃতিক ভারসাম্য রক্ষা :** প্রাকৃতিক ভারসাম্য রক্ষায় জীববৈচিত্র্য এক গুরুতপূর্ন অবদান রাখে উদ্ভিদ ও প্রাণী তার জীবন চক্রের প্রতিটি ধাপে একে অন্যের উপর নির্ভরশীল।
- **ইকো-টুরিজমের সুরক্ষা :** এখানে বিদ্যমান প্রকৃতি নির্ভরশীল ইকো-টুরিজম স্পটসমূহের যোগাযোগ, প্রচার ও বিদ্যমান সুযোগ সুবিধাসমূহ আরো উন্নত করা হলে ইকো-টুরিজম স্পটগুলো আরো আর্কষণীয় এবং আয়বর্ধক ক্ষেত্র হিসেবে পরিগণিত হতে পারে। যা বিকল্প কর্মসংস্থানে ভূমিকা রাখতে পারে।
- **ভূ-প্রাকৃতিক ব্যবস্থার উন্নতি :** এলাকায় বিদ্যমান পাহাড়, ছড়া ও জলাশয়গুলো বিজ্ঞান ভিত্তিকভাবে সংরক্ষণ ও উন্নয়ন করা হলে জীববৈচিত্র্য আরো সমৃদ্ধ হবে।
- **জলবায়ুর পরিবর্তন রোধ :** টেকনাফ বন্যপ্রাণী অভয়ারণ্যের উপর স্থানীয় জনগোষ্ঠীর নির্ভরশীলতা ব্যাপক। ফলে এলাকার প্রাকৃতিক সম্পদ দিন দিন ধ্বংস হচ্ছে। তাছাড়া বাড়ছে প্রাকৃতিক দূর্যোগও। তাই জলবায়ু পরিবর্তন রোধ কল্পে প্রাকৃতিক বন রক্ষা সহ পরিবর্তিত জলবায়ুতে খাপ খাওয়ানো উদ্যোগ নিতে হবে।
- **দেশের মোট বনাচ্ছাদিত ভূমির পরিমাণ বৃদ্ধি :** জনসংখ্যা বৃদ্ধির ফলে আবাদী ভূমির কারনে বনভূমি সংকোচিত হচ্ছে। তাই জবরদখলকৃত বনভূমি পুনরুদ্ধার, বৃক্ষ শূন্য পাহাড়ে বনায়ন সহ বনাঞ্চল সংরক্ষণে বিদ্যমান আইন আরো যুগোপযোগী করার পদক্ষেপ গ্রহন করা প্রয়োজন।

২.২ বৈচিত্র্য সংরক্ষণের উপযোগিতা/উপকারিতা

- **বিপন্ন প্রাণী বাঁচিয়ে রাখা :** হাতি ও উল-ুকসহ বিপন্ন প্রানী প্রজাতি সংরক্ষণে, আবাসস্থল পুনরুদ্ধারে জন সচেতনতা সৃষ্টির উদ্যোগ গ্রহন করা জরুরী।
- **বিলুপ্তপ্রায় দেশীয় উদ্ভিদ ও প্রাণী প্রজাতি বৃদ্ধি :** বিপদাপন্ন প্রজাতিসমূহের জন্য নিরাপদ আবাসস্থল সৃষ্টি, বৃক্ষ রোপণ সহ প্রাণী ও বৃক্ষ প্রজাতির প্রজননের ব্যবস্থা গ্রহন করা দরকার।
- **দরিদ্র জনগোষ্ঠীর জীবন ও জীবিকার ইতিবাচক পরিবর্তন :** বিভিন্ন বিকল্প আয়বর্ধক কর্মসূচীর মাধ্যমে দরিদ্র জনগোষ্ঠীর আর্থিক অবস্থার উন্নয়ন করা জরুরী। যাতে তারা প্রাকৃতিক সম্পদ সংরক্ষণে অবদান রাখতে পারে।
- **পরিবেশ বান্ধব পর্যটন শিল্পের উন্নয়ন :** বিদ্যমান প্রাকৃতিক পর্যটন স্পটসমূহের প্রাকৃতিক পরিবেশ অক্ষুন্ন রেখে বিভিন্ন উন্নয়ন পরিকল্পনা গ্রহণ ও তা বাস্তবায়ন করা।
- **ভূমিক্ষয় প্রতিরোধ :** ব্যাপক হারে বনায়ন করে ভূমিক্ষয় প্রতিরোধের ব্যবস্থা গ্রহণ সহ জলবায়ু পরিবর্তনে ইতিবাচক ভূমিকা রাখা দরকার।

২.৩ বন্যপ্রাণী সংরক্ষণ

'বন আইন ১৯২৭' এবং 'বন্যপ্রাণী সংরক্ষণ আদেশ (সংশোধিত), ১৯৭৪' অনুযায়ী টেকনাফ বন্যপ্রানী অভয়ারণ্যের ব্যবস্থাপনা ও সম্পদ সংরক্ষণ করা হচ্ছে।

বাধা সমূহঃ

- ❖ চোরা শিকারীরা ফাঁদ পেতে বা অন্য কোন প্রক্রিয়ায় এ অভয়ারণ্যে বন্যপ্রাণী শিকার করে। এ ধরণের শিকার বন্ধের যথাযথ উদ্যোগ গ্রহন করা প্রয়োজন।
- ❖ কৃষি কাজের জমি তৈরী করতে, ছন সংগ্রহ করতে বা পান চাষসহ অন্যান্য কাজের জন্য বনে আগুন দেওয়া হয়। এর ফলে বন্যপ্রাণী আতঙ্কিত হয় এবং তাদের স্বাভাবিক জীবনযাত্রা ব্যাহত হয়। তাই এ সকল কার্যক্রম বন্ধের উদ্যোগ গ্রহন করা জর"রী।
- ❖ বন্যপ্রাণীর খাবার সরবরাহকারী উদ্ভিদ প্রজাতির সংখ্যা দিন দিন কমে যাচ্ছে, ফলে সৃষ্ট খাবার সংকটের কারণে বন্যপ্রাণী লোকালয়ে প্রবেশ করছে। অতঃপর মানুষের হাতে ধরা পড়ে প্রাণ হারাচ্ছে। পর্যাপ্ত বনাচ্ছাদন না থাকায় এবং বিশেষ বন্যপ্রাণীর প্রয়োজনীয় বিশেষ বিশেষ প্রজাতির গাছ এবং বড় গাছের সংখ্যা কমে যাওয়ায় বন্যপ্রানীর আবাস্থলের সংকট প্রকট হয়েছে। এ সব সমস্যা সমাধানের জন্য যথাযথ উদ্যোগ নেওয়া দরকার।
- ❖ বনের অভ্য"ড়রে বিভিন্ন সম্পদ সংগ্রহ ও অন্য নানাবিধ প্রয়োজনে মানুষের অনুপ্রবেশ বাড়ছে এবং এটা বণ্যপ্রাণীর স্বাভাবিক বিচরণ বাধাগ্রস্থ করছে। অবৈধ বৃক্ষ নিধন প্রক্রিয়া অব্যাহত থাকায় বন্যপ্রাণীর আবাস্থল ও খাদ্যের সংকট হচ্ছে। এ সব সমস্যা সমাধানের জন্য যথাযথ ব্যবস্থা গ্রহন করা জর"রী।
- ❖ অবৈধ জবর দখল প্রক্রিয়া চলমান থাকায় দিন দিন বনভূমি সংকুচিত হচ্ছে এবং বন্যপ্রাণীর ওপর এর নেতিবাচক প্রভাব পড়ছে। সকল জবরদখলকৃত বনভূমি দখলমুক্ত করার ব্যবস্থা গ্রহণ সহ এসব ভূমি পুন:বনায়নের আওতায় আনা যেতে পারে।

বনাঞ্চলের সীমারেখা

- ❖ **বনাঞ্চল জরিপ / জোনিং :** আধুনিক প্রযুক্তি প্রয়োগ করে বনাঞ্চল জরীপ করে ব্যবহার অনুযায়ী বিভিন্ন জোনে ভাগ করা যেতে পারে
- ❖ **প্রাকৃতিক চিহ্ন দিয়ে সীমানা নির্ধারন :** বনাঞ্চলে বিদ্যমান বিশেষতঃ গর্জন, সেগুন, তেলসুর প্রভৃতি গাছ এবং প্রাকৃতিক ছড়া, রাস্ড়া, ইত্যাদির মাধ্যমে স্থায়ীভাবে বনের সীমানা নির্ধারণ করা যেতে পারে
- ❖ **সীমানা পিলার স্থাপন :** জরীপ শেষে বনাঞ্চলের চারিপার্শ্বে প্রয়োজন অনুযায়ী স্থায়ী পিলার স্থাপন করা যেতে পারে
- ❖ **জবরদখল প্রতিরোধ :** বনভূমি জবরদখল রোধে ব্যাপক গণসচেতনতা সৃষ্টি এবং বিদ্যমান সরকারী আইন কঠোর ভাবে প্রয়োগ করে জবরদখল প্রতিরোধে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়া জর"রী।

২.৪ বনাঞ্চলের জীব ভৌত অবস্থা

টেকনাফ বন্যপ্রাণী অভয়ারণ্যে বিভিন্ন প্রজাতির গাছ ও বিরল প্রজাতিসহ অসংখ্য জীব-জন্তুতে ভরপুর। এখানকার বন ক্রান্ড়ীয় উষ্ণ মন্ডলীয় মিশ্র চিরহরিৎ বন এর অন্ড়র্ভূক্ত। এতে অনেক গুলি উচুঁ নীচু পাহাড় রয়েছে যা পাহাড়ী বনের প্রতিনিধিত্ব করে। অভয়ারণ্য এলাকার মাটি মূলতঃ পাহাড়ী বাদামী বর্ণের, শিলামাটি, বেলে-দোআঁশ প্রকৃতির এবং অম্-ীয়। তবে অম্- ত্বের মাত্রা স্থানভেদে কম-বেশী হয়। এখানকার মাটি অপেক্ষাকৃত কম উর্বর কিন্তু আর্দ্র উষ্ণ মন্ডলীয় আবহাওয়ায় পতিত লতা-পাতার পঁচন দ্র"ত ঘটে বিধায় মাটির উপরিভাগ অপেক্ষাকৃত হিউমাস সমৃদ্ধ। পাহাড়ের অধিকাংশ এলাকা বৃক্ষ শূন্য হওয়ায় প্রতি বছর এখানে ব্যাপক ভূমিধ্বস বিদ্যমান। তথাপি এখানে হাতি, হরিণ, বানর, হনুমান, সজার", শুকর, বন মোরগ, বন বিড়াল, শিয়াল, ময়না, ধঁনেশ, টিয়া, পেঁচা, বক, শালিক, অজগরসহ বিভিন্ন প্রজাতির সাপ রয়েছে। পাহাড়ী ছড়ায় বিভিন্ন প্রজাতির কচ্ছপ রয়েছে। পাহাড় হতে উৎপন্ন ছড়া ও ঝর্ণা সাগরে পতিত হয়েছে।

৩.০ জীববৈচিত্র্য এবং আবাসস্থল

৩.১ প্রতিবেশ/বাস্তুতন্ত্র (উদ্ভিদ ও প্রাণিকূলের সহিত পরিবেশের সম্পর্ক) বিশে- ষণ

বনাঞ্চল ও বন্যপ্রাণী: টেকনাফ বন্যপ্রাণী অভয়ারণ্য মূলতঃ একটি ক্রান্ড্রীয় উষ্ণ মন্ডলীয় মিশ্র চিরহরিৎ বন। এ বনকে সংরক্ষিত বন হিসেবে ঘোষণা করার আগে এখানে জুম চাষ করা হত। বর্তমানে এখানে কিছু প্রাকৃতিক ও সৃজিত বৃক্ষের বন রয়েছে। এখানে গর্জন, সেগুন, জাম, বটসহ বহু মূল্যবান গাছ এবং অতি বিপন্ন ও বিরল প্রজাতির হাতি, বানর, উল-ুক, হনুমান, মায়া হরিণসহ বিভিন্ন প্রজাতির পশুপাখি বিদ্যমান।

এ বন্যপ্রানী অভয়ারণ্যে ২৯০ প্রজাতির উদ্ভিদ, ৫৫ প্রজাতির স্ড়ন্যপায়ী প্রানী, ২৮৬ প্রজাতির পাখি, ৫৬ প্রজাতির সরীসৃপ এবং ১৩ প্রজাতির উভচর প্রাণী রয়েছে। বনে গর্জন গাছ সহ বিভিন্ন বনজ ও ফলদ গাছ থাকায় পাখির খাদ্য সহজলভ্য হলেও পাকা সড়ক থাকায় শব্দ দূষণের ফলে পাকপাখালি হারিয়ে যাওয়ার আশংকা দেখা দিয়েছে। এখানকার কিছু প্রাণী ও উদ্ভিদ প্রজাতি বর্তমানে সংকটাপন্ন।

কৃষি : টেকনাফ বন্যপ্রানী অভয়ারন্যের শীলখালী সিএমসির আওতাভূক্ত এলাকায় অবৈধভাবে দখলকৃত বনভূমি এবং ল্যান্ডস্কেপে ধান, পান, তরমুজ, শশা, ক্ষীরা, বেগুন, মরিচ, আলু, কচু, হলুদসহ, বিভিন্ন সব্জি আবাদ করা হয়।

৩.১.১ বনাঞ্চল ভিত্তিক পণ্যসমূহ

টেকনাফ বন্যপ্রাণী অভয়ারণ্যে উৎপাদিত পণ্যসমূহ বনের ওপর নির্ভরশীল হত দরিদ্র জনগোষ্ঠীর জীবন ও জীবিকায়নে গুর"ত্বপূর্ণ ভূমিকা পালন করে। এ বনে উৎপাদিত উলে- খযোগ্য পণ্যগুলি হলঃ ঘর ও আসবাবপত্র তৈরির কাঠ, জ্বালানী কাঠ, ঔষুধি গাছ, বাঁশ ও বেত, অর্কিড, মধু, বিভিন্ন প্রকার ফল ফলাদি, ছন, পান, ধানসহ বিভিন্ন ফল ও সব্জি, ইত্যাদি।

৩.২ জীববৈচিত্র্যের ব্যবহার

শীলখালী রেঞ্জের বনভূমির ভিতর ও পশ্চিম পার্শ্বে বিশাল জনগোষ্ঠী বসবাস করে। দৈনন্দিন চাহিদা মেটানোর পাশাপশি জীবন ও জীবিকার প্রয়োজনে তারা এ বন থেকে নিয়মিত জ্বালানি কাঠ, বাঁশ, বেত, বনজ ফল-মূল, মধু ইত্যাদি সংগ্রহ করে। যোগাযোগ ব্যবস্থা সহজতর হওয়ায় এখানকার উৎপাদিত পণ্য দেশের বিভিন্ন জায়গায় সহজে পরিবহন ও সরবরাহ করা যায়।

৪.০ জীববৈচিত্র্য ব্যবস্থাপনার জন্য গৃহীত বর্তমান অবস্থা পর্যালোচনা

৪.১ বনাঞ্চল ব্যবস্থাপনা পদ্ধতিসমূহ

বর্তমানে এ বন্যপ্রাণী অভয়ারণ্যটি সহ-ব্যবস্থাপনা পদ্ধতিতে পরিচালিত হচ্ছে। নিসর্গ সহায়তা প্রকল্পের সহায়তায় এখানে সহ-ব্যবস্থাপনা পদ্ধতি প্রবর্তিত হয়। সরকার রক্ষিত বন সংরক্ষণ ও ব্যবস্থাপনার জন্য স্থানীয় জনগোষ্ঠীর স্বতঃস্ফূর্ত অংশ গ্রহণ ও সক্রিয় সহযোগিতা গ্রহণ করছে। এক্ষেত্রে, অংশ গ্রহণ ও সহযোগিতার ভিত্তি হচ্ছে, রক্ষিত এলাকা থেকে প্রাপ্ত সুফল বা উপকার সকল অংশগ্রহণকারী ও সহযোগিদের মধ্যে বণ্টন এবং সিদ্ধান্ড় গ্রহণ প্রক্রিয়ায় সকলের কার্যকর অংশ গ্রহণের নিশ্চয়তা। অংশ গ্রহণ ও সহযোগিতার মাধ্যমে রক্ষিত বন সংরক্ষণের এ প্রক্রিয়াটিকে 'সহ-ব্যবস্থাপনা পদ্ধতি' বলা হয়। শীলখালী অংশের এই বন্যপ্রানী অভয়ারণ্যের ব্যবস্থাপনা ও জীববৈচিত্র্য সংরক্ষণে একটি সহ-ব্যবস্থাপনা সংগঠন নিয়োজিত আছে। এ সংগঠন দ্বিস্ড়র বিশিষ্ট। প্রথম স্ড়র হল

'সহ-ব্যবস্থাপনা কাউন্সিল' যা নীতি নির্ধারণী স্ড়র হিসেবে কাজ করে এবং দ্বিতীয় স্ড়র হল 'সহ-ব্যবস্থাপনা কমিটি' যা নীতিমালার আলোকে গৃহীত কার্যক্রম বাস্ড়বায়ন করে। উপরোক্ত কার্যক্রম পরিচালনার লক্ষ্যে টেকনাফ বন্যপ্রাণী অভয়ারণ্যের শীলখালী রেঞ্জের আওতায় ৩২টি ভিলেজ কমিউনিটি ফোরাম (ভিসিএফ), ১টি পিপল্স ফোরাম (পিএফ), ৩টি কমিউনিটি পেট্রোলিং গ্র"প (সিপিজি), ১টি মহিলা গ্র"প, ১টি কো-ম্যানেজমেন্ট কমিটি (সিএমসি) এবং ৩টি ফরেষ্ট কনজারভেশন ক্লাব (এফসিসি) গঠন করা হয়েছে।

'বন আইন ১৯২৭' এবং 'বন্যপ্রাণী সংরক্ষণ আদেশ (সংশোধিত), ১৯৭৪' এর নির্দেশনা অনুযায়ী বন অধিদপ্তরের কক্সবাজার দক্ষিণ বন বিভাগ, কক্সবাজার এ অভয়ারণ্যের ব্যবস্থাপনায় করণীয় ভূমিকা পালন করছে।

উলেণ্ঢখিত আইন অনুযায়ী, টেকনাফ বন্যপ্রাণী অভয়ারণ্যের ১১,৬১৫ হেক্টরের সীমানার মধ্যে কোন প্রকার বনজ দ্রব্য আহরণ, পরিবহন ও অপসারণ সম্পূর্ণভাবে নিষিদ্ধ।

৪.২ বন্যপ্রাণী ব্যবস্থাপনা

'বন্যপ্রাণী সংরক্ষণ আদেশ (সংশোধিত), ১৯৭৪' অনুযায়ী কক্সবাজার দক্ষিন বনবিভাগ কর্তৃক এ অভয়ারণ্যের বন্যপ্রাণী ব্যবস্থাপনা সুষ্ঠুভাবে পরিচালনা করছে। বন্যপ্রানীর সার্বিক উন্নয়নের লক্ষ্যে নিম্নবর্নিত কার্যক্রম গুলি হাতে নেয়া দরকার ঃ

- **পশু খাদ্যের বাগান সৃজন :** টেকনাফ বন্যপ্রাণী অভয়ারণ্যের আওতাধীন শীলখালীর এই বনে গুর"ত্বপূর্ণ প্রাণী হচ্ছে হাতি, উল-ুক, বানর, হনুমান প্রভৃতি। খাদ্যাভাবে এরা দিন দিন বিলুপ্তির পথে এগিয়ে যাচ্ছে। এমনকি খাদ্যের সন্ধানে অনেক সময় এরা লোকালয়েও চলে আসে। যার দর"ন প্রতি বছর শীলখালী রেঞ্জের বিভিন্ন গ্রামাঞ্চলে বেশ কয়েক জন মানুষ বন্যপ্রাণীর আক্রমণে আহত অথবা মারা যায়। তাই জর"রীভাবে বিশেষ এলাকা চিহ্নিত করে বাঁশ,কলাসহ বিভিন্ন পশু খাদ্যের বাগান সৃজন করা জর"রী।
- **আবাসস্থল উন্নয়ন :** বন্যপ্রাণীর আবাসস্থল উন্নয়নের জন্য ন্যাড়া পাহাড়ে উপযুক্ত প্রজাতির বন্যপ্রানীর জন্য চাহিদা মোতাবেক বনজ এবং ফলদ চারা দ্বারা বনায়ন কার্যক্রম হাতে নেওয়া দরকার।
- **বংশ বৃদ্ধি / উন্নয়ন করা :** অতি বিপন্ন উদ্ভিদ ও প্রাণী প্রজাতিসমূহের বংশ বৃদ্ধির জন্য প্রজনন কেন্দ্র স্থাপনের প্রয়োজনীয় উদ্যোগ নেওয়া যেতে পারে।
- **পশু পাখি রক্ষায় জনমত তৈরী করা :** বন্য গাছপালা, পশু পাখি যে পরিবেশের অভিচ্ছেদ্য অংশ তা বনের আশেপাশে বসবাসকারী জনগণকে বুঝানোর জন্য বিভিন্ন সচেতনতামূলক কর্মসূচী গ্রহণ করত: জনগনকে উদ্বুদ্ধ করা জর"রী।

৪.৩ জীববৈচিত্র্যের আবাসস্থল রক্ষণাবেক্ষণ এবং পুনর"দ্ধার

টেকনাফের এই পাহাড়ী বনকে বন্যপ্রানী অভয়ারন্য হিসেবে ঘোষণা করার পর থেকেই বন তথা বন্যপ্রানীর আবাসস্থল রক্ষার প্রয়োজনে বন বিভাগ অবৈধ বৃক্ষ নিধন, প্রাণী শিকার, বনে আগুন দেয়া ইত্যাদি প্রতিরোধে কার্যকর পদক্ষেপ গ্রহণ করছে। বন্যপ্রাণী অভয়ারণ্য হিসেবে স্বীকৃতি লাভের পরেও এ বনের ব্যবস্থ্যাপনার দায়িত্ব কক্সবাজার দক্ষিণ বন বিভাগ, কক্সবাজারের উপরই থেকে যায়। তখন থেকে প্রয়োজনের তুলনায় অপ্রতুল হলেও আবাসস্থল রক্ষণাবেক্ষণ তথা জীববৈচিত্র্য পুনর"দ্ধারে এই বনবিভাগ নানাবিধ কার্যক্রম পরিচালনা করছে। সহ-ব্যবস্থাপনা পদ্ধতি প্রবর্তিত হওয়ায় বর্তমানে বনবিভাগের সাথে স্থানীয় জনগনের সক্রিয় সহযোগিতায় এর জীববৈচিত্র্য সংরক্ষন সহ আবাসস্থল পুনর"দ্ধারের চেষ্টা চলছে।

৪.৪ পরিবেশ বান্ধব পর্যটন

এই বন্যপ্রাণী অভয়ারণ্য প্রাকৃতিক সৌন্দর্য মন্ডিত হওয়ায় এবং এর যোগাযোগ ব্যবস্থা সহজতর হওয়ায় এখানে পরিবেশ বান্ধব পর্যটনের উজ্জ্বল সম্ভাবনার ক্ষেত্র উম্মোচিত হয়েছে। সহ-ব্যবস্থাপনা কমিটি ব্যবস্থাপনার দায়িত্ব গ্রহণ করায় অভয়ারণ্যের অভ্যন্ড়রে ও বাইরে নানাবিধ পরিবেশ বান্ধব পর্যটন সুবিধা বিস্ড়রের কার্যকর পদক্ষেপ

নেয়া হচ্ছে। সরকারী প্রজ্ঞাপন অনুযায়ী, এ অভয়ারণ্যের পর্যটন সুবিধা হতে প্রাপ্ত আয়ের শতকরা ৫০ ভাগ পরবর্তী বছর সহ-ব্যবস্থাপনা কমিটিকে প্রদান করা হচ্ছে। এই অর্থ দ্বারা সহ-ব্যবস্থাপনা কমিটি অভয়ারণ্য ও তৎসংলগ এলাকার জীববৈচিত্র্য সংরক্ষণ সহ এর ব্যবস্থাপনা ও উন্নয়ন কাজে ব্যয় করছে। অর্জিত সরকারী রাজস্ব হতে সহ-ব্যবস্থাপনা সংগঠনকে শতকরা ৫০ ভাগ ফেরত প্রদানের ঘটনা আমাদের দেশে নজিরবিহীন। এখানে বন্যপ্রাণী অভয়ারণ্য কেন্দ্রিক ১টি ইকো কর্টেজ, ১টি টুরিস্ট শপ, ১টি পিকনিক স্পট, গাড়ি পার্কিং স্থান, টয়লেট সুবিধা, পানি সরবরাহ, টুরিস্ট শেড, বসার বেঞ্চ ইত্যাদি তৈরী করার জন্য উদ্যোগ নেয়া হচ্ছে। এখানে ৭ জন প্রশিক্ষিত ইকো-ট্যুর গাইড আছে। এছাড়া জীববৈচিত্র্য সংরক্ষন তথা বন পাহাড়ার জন্য বনবিভাগের সাথে সিপিজি সদস্যরা যৌথ টহল প্রদানে নিয়োজিত আছে।

৪.৫ বনাঞ্চল ভিত্তিক উৎপাদিত পণ্য ব্যবস্থাপনা

পূর্বে নির্দিষ্ট অংকের রাজস্ব গ্রহণের বিনিময়ে বন হতে উৎপাদিত পণ্য আহরণের জন্য স্থানীয় জনগনকে বনবিভাগ কর্তৃক পারমিট প্রদান করা হতো। কিন্তু গেইম রিজার্ভ এবং পরবর্তিতে বন্যপ্রানী অভয়ারন্য হিসাবে ঘোষনার পর এই পারমিট প্রথা বন্ধ করা হয়েছে। তদুপরি বনের ভিতর ও আশেপাশের বসবাসকারী দরিদ্র জনগোষ্ঠী তাদের জীবিকায়নের প্রয়োজনে অবৈধভাবে এ সম্পদসমূহ আহরণ করে। তবে এ ধরণের প্রাকৃতিক সম্পদ আহরণের জন্য সুনির্দিষ্ট নীতিমালা প্রণয়ন এবং এর সঠিক প্রয়োগ বাঞ্চনীয়।

৪.৬ সহ-ব্যবস্থাপনার জন্য বিদ্যমান সমস্যা সমূহ

- ❖ টেকনাফ বন্যপ্রাণী অভয়ারণ্যের ম্যাপ নিয়মিতভাবে হাল নাগাদ না করা
- ❖ নিয়মিত বা নির্ধারিত বিরতিতে বনশুমারী পরিচালনা না করা
- ❖ বন বিভাগের প্রয়োজনীয় জনবলের অভাব
- ❖ বন বিভাগের প্রয়োজনীয় পরিবহন ও আধুনিক উপকরণের স্বল্পতা
- ❖ বন কর্মীদের আধুনিক বন ব্যবস্থাপনা সম্পর্কিত দক্ষতার অভাব
- ❖ যৌথ বন টহল দলের সদস্যদের মাঝে পারস্পরিক আস্থার অভাব
- ❖ সরকারী অন্যান্য নিরাপত্তা বাহিনীর সাথে বন বিভাগের কার্যকরী যোগাযোগের অপ্রতুলতা
- ❖ কমিউনিটি পেট্রলিং গ্রুপের জন্য অপ্রতুল আর্থিক সুযোগ সুবিধা
- ❖ একটি কার্যকর সহ-ব্যবস্থাপনা প্রতিষ্ঠান অদ্যাবধি প্রতিষ্ঠিত না হওয়া

৪.৭ প্রাতিষ্ঠানিক এবং সু-শাসন সম্পর্কিত ইস্যুসমূহ

বন বিভাগের সহযোগী সংগঠন সহ-ব্যবস্থাপনা কমিটি কর্তৃক গৃহীত কার্যক্রম সঠিকভাবে পরিচালনার জন্য নিম্নলিখিত পদক্ষেপসমূহ গ্রহন করা জরুরীঃ

- ❖ **নিয়মিত সিএমসি/সংশি- ষ্ট কমিটির মিটিং :** সরকারী প্রজ্ঞাপন অনুযায়ী সিএমসি সহ সকল সহ বন্যপ্রাণী ব্যবস্থাপনা সংগঠনের নিয়মিত সভা আয়োজনের ব্যবস্থা করা
- ❖ **রেজুলেশন ও প্রতিবেদন :** প্রতিটি সভার বিভিন্ন আলোচ্য বিষয়ে গৃহীত সিদ্ধান্ড়সমূহ কার্যবিবরণী হিসেবে প্রস্তুত করা এবং উক্ত কার্যবিবরণী সংশিণ্টষ্ট মহলে যথা সময়ে প্রেরণ নিশ্চিত করা
- ❖ **আয়-ব্যয়ের স্বচ্ছতা :** সিএমসির আয় ব্যয়ের হিসাব প্রতিটি কমিটির সভায় উপস্থাপন করতঃ সংশি- ষ্ট সকলকে অবহিতকরণ এবং সহ-ব্যবস্থাপনা কাউন্সিলের সভায় অনুমোদন করানো
- ❖ **জবাবদিহিতা ও আমানতদারিতা :** প্রতিটি সদস্যের উপর অর্পিত দায়িত্ব পালনে সচেষ্ট থাকতে হবে এবং সম্পাদিত দায়িত্ব সম্পর্কে যে কোন সময় জবাবদিহিতার জন্য প্রস্তুত থাকা।

৫.০ ল্যান্ডস্কেপ এলাকার বর্তমান অবস্থা

৫.১ ল্যান্ডস্কেপ পন্থা

ল্যান্ডস্কেপ পন্থা হল এমন একটি উপায় যার মাধ্যমে বন্যপ্রানী অভয়ারণ্য ব্যবস্থাপনা কার্যক্রম শুধূমাত্র অভয়ারণ্যের অভ্যন্ড়রের সম্পদ, জীববৈচিত্র্য, প্রতিবেশ ইত্যাদির মধ্যে সীমাবদ্ধ না রেখে অভয়ারণ্য ও তৎসংলগ্ন এলাকায় বিদ্যমান সকল উপাদান অর্থাৎ পরস্পর সম্পর্কযুক্ত আবাসস্থল/বন, প্রতিবেশ ব্যবস্থা, নির্ভরশীল জনগোষ্ঠী, সামাজিক/ প্রাতিষ্ঠানিক ব্যবস্থাকে যথাযথ গুর"ত্ব প্রদান করে এবং পরস্পর সমন্বয় সাধনের মাধ্যমে ব্যবস্থাপনা পদ্ধতি প্রণয়ন পূর্বক তা বাস্ড়বায়ন করা।

৫.২ রক্ষিত এলাকার সংলগ্ন ল্যান্ডস্কেপ এলাকা

শীলখালী সহ-ব্যবস্থাপনা কমিটির আওতাধীন ল্যান্ডস্কেপ এলাকায় গ্রামগুলির মধ্যে রয়েছে ঃ

- **গ্রামাঞ্চল :** শামলাপুর পূর্বপাড়া, ঘোণারমূখ, করাচীপাড়া, নাসারীপাড়া, শামলাপুর পশ্চিমপাড়া, পূরানপাড়া, গুচ্ছগ্রাম, মনতলিযা, বাইল- াছড়া, শীলখালী, পরীর বিল, চৌকিদারপাড়া, চাকমাপাড়া, কাদেরপাড়া, মাঠপাড়া, হলবনিয়া, স্যাম্পল প- ট, জাহাজপুরা, হলবনিয়া, হাজমপাড়া, মাথাভাঙ্গা, মারিচবনিয়া, বড়ডেইল, নোয়াখালী, বাঘঘোনা ও রাজারছড়াসহ ৩২টি গ্রাম/পাড়া
- **হাট বাজার :** ল্যান্ডস্কেপ এলাকায় বেশ কিছু দৈনিক ও সাপ্তাহিক হাট-বাজার নিয়মিত বসে
- **জলাভূমি নদী :** পাহাড় হতে উৎপন্ন ছড়া খাল এবং পরবর্তীতে সাগরে পতিত হয়েছে
- **বিদ্যমান কৃষি জমি:** ল্যান্ডস্কেপ এলাকায় ব্যাক্তিমালিকানাধীন কৃষি জমি বিদ্যমান যেখানে বিভিন্ন ধরণের ফসল নিয়মিত চাষ করা হয়
- **উপজাতি পল-ী :** ল্যান্ডস্কেপ/বন এলাকায় কয়েকটি উপজাতি পল-ী রয়েছে
- **শিক্ষা প্রতিষ্ঠান :** এলাকায় স্কুল, মাদ্রাসা এবং এনজিও সংস্থার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান রয়েছে।

৫.৩ ভূমি ব্যবহারের বর্তমান অবস্থা

বন বিভাগের আওতাধীন এলাকায় বিভিন্ন মেয়াদী বাগান যথা ৭৫ হেঃ দীর্ঘমেয়াদী ০৮ হেঃ স্বল্প মেয়াদী সৃজিত বাগানসহ বাঁশ ও বেত বাগান রয়েছে। টেকনাফ বন্যপ্রাণী অভয়ারণ্যে অবৈধভাবে বনভূমি দখলের প্রবনতা বিদ্যমান।

বনের অভ্যন্ড়রে যে সকল এলাকায় প্রাকৃতিকভাবে বনের স্বাভাবিক প্রক্রিয়ায় পূনঃবনায়ন সংঘটিত হচ্ছে না এমন কিছু এলাকায় বন বিভাগ ইতিমধ্যেই এনরিচমেন্ট বাগান সৃজন করেছে। ল্যান্ডস্কেপ এলাকার বিভিন্ন রাস্ড়ার (সড়ক ও জনপথ, ইউনিয়ন পরিষদ, এলজিইডি ইত্যাদি) দুই ধারে অংশীদারিত্বের ভিত্তিতে স্ট্রীপ বা সড়ক বনায়ন কার্যক্রম পরিচালিত হচ্ছে। স্থানীয় জনসাধারণ ল্যান্ডস্কেপ এলাকায় এবং অনেক সময় দখলীয় বন এলাকায় কৃষি কাজ মূলতঃ সব্জি ও ধান চাষ করে। কৃষি ও সব্জি চাষে উৎপাদিত ফসল তাদের পরিবারের চাহিদা মেটানোর পাশাপাশি জীবিকা নির্বাহে সহায়তা করে।

৫.৪ স্টেকহোল্ডার পর্যালোচনা

টেকনাফ বন্যপ্রাণী অভয়ারণ্যে নিম্নলিখিত তিন ধরণের স্টেকহোল্ডার রয়েছে। যথা ঃ

প্রাতিষ্ঠানিক স্টেকহোল্ডার ঃ বন বিভাগ, এন জি ও, ইউনিয়ন পরিষদ, ব্যাংক, বি জি বি এবং পুলিশ।

প্রাথমিক স্টেকহোল্ডার ঃ জ্বালানী কাঠ সংগ্রহকারী, অবৈধ বৃক্ষ নিধনকারী ও পাচারকারী, বাঁশ ও কাঠ সংগ্রহকারী, শাক-সব্জি সংগ্রহকারী, মধু সংগ্রহকারী, বনের জমি জবরদখলকারী, পান চাষী, পর্যটক, শিকারী।

দ্বিতীয় স্ড়রের স্টেকহোল্ডার ঃ কাঠ ব্যবসায়ী, স মিল মালিক, ইট ভাটার মালিক, ফার্নিচার ব্যবসায়ী, ইত্যাদি।

বর্তমানে শীলখালী সিএমসির আওতায় ৩২টি গ্রাম/পাড়া রয়েছে। যেখানে আনুমানিক ৬,২৫৩ পরিবারের লোকসংখ্যা ৩৮,৫০০ জন। এখানে বয়স্ক শিক্ষার হার প্রায় ১৮%। প্রায় ৫৩% জনগোষ্ঠী কৃষি নির্ভর, ৩০% মৎস্যজীবী, ১০% দিন মজুর এবং ৭% অন্যান্য পেশায় জড়িত।

৫.৫ কৃষি জমি এবং বসত ভিটার ব্যবহার

ল্যান্ডস্কেপ এলাকায় কৃষি জমিতে এবং অনেক সময় দখলীয় বন এলাকার ভূমিতে ধান ও সব্জি চাষ করে স্থানীয় জনসাধারণ তাদের পরিবারের চাহিদা মেটানোর পাশাপাশি জীবিকা উপার্জন করে। ল্যান্ডস্কেপ এলাকায় পান,

সুপারি, তরমুজ, বাঙ্গি, ভূট্টা, ধান চাষ বেশ জনপ্রিয় এবং জীবিকা অর্জনের অন্যতম মাধ্যম। বসত বাড়ীতে ফলজ গাছ, বনজ গাছ, ঔষধী গাছ রোপণ ও পরিচর্যা করা হয়।

৫.৬ বনভূমি অবৈধ দখল

টেকনাফ বন্যপ্রাণী অভয়ারণ্যের শীলখালী রেঞ্জে বনভূমি দখলের প্রচেষ্টা বিদ্যমান। মূলতঃ শামলাপুর পূর্বপাড়া, ঘোণারমূখ, করাচীপাড়া, নাসার্রীপাড়া, শামলাপুর পশ্চিমপাড়া, পুরানপাড়া, গুচ্ছগ্রাম, মনতলিযা, বাইল- াছড়া, শীলখালী, পরীর বিল, চৌকিদারপাড়া, চাকমাপাড়া, কাদেরপাড়া, মাঠপাড়া, হলবনিয়া, স্যাম্পল প- ট, জাহাজপুরা, হলবনিয়া, হাজমপাড়া, মাথাভাঙ্গা, মারিচবনিয়া, বড়ডেইল, নোয়াখালী, বাঘঘোনার জনগণ কৃষি কাজে ও বসত ভিটা হিসেবে ব্যবহারের জন্য বনের জমি জবরদখল করেছে। রাজনৈতিক প্রভাব খাটিয়েও কিছু কিছু বনভূমি জবর দখল করার চেষ্টা করা হচ্ছে। তাছাড়া ফরেস্ট ভিলেজারও বেশ কিছু বনভূমি জবরদখল করেছে। এ সমস্ড় জবরদখলকৃত জমি পূনর"দ্ধারে কার্যকর পদক্ষেপ গ্রহণ করা আশু প্রয়োজন।

পার্ট - ২

রক্ষিত এলাকার সহ-ব্যবস্থাপনা পরিকল্পনা বাস্ড়বায়নে কৌশলগত সুপারিশমালা

১.০ রক্ষিত এলাকার সহ-ব্যবস্থাপনা

১.১ উদ্দেশ্য

রক্ষিত এলাকার সহ-ব্যবস্থাপনা পরিকল্পনার প্রধান উদ্দেশ্য হল স্থানীয় জনগনের অংশগ্রহনের মাধ্যমে টেকনাফ বন্যপ্রাণী অভয়ারণ্য অন্তর্ভূক্ত সম্ভাব্য সর্বোচ্চ পরিমাণ বন এলাকা টিকিয়ে রাখা সহ এর জীববৈচিত্র্য সংরক্ষন ও উন্নয়নের পাশাপাশি বন নির্ভরশীল জনগনের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নের লক্ষ্যে পরিকল্পনা গ্রহন এবং এর বাস্তবায়ন। এই পরিকল্পনা প্রনয়ন ও বাস্তবায়নের কাজটি যাতে সহ-ব্যবস্থাপনার সাথে জড়িত নেতৃবৃন্দ নিজেরাই করতে পারে সেই বিষয়ে তাদেরকে উপযোগী করে তোলা। এই উদ্দেশ্যে গৃহীতব্য বিষয়গুলি নিম্নরূপ ঃ

- ❖ এমন একটি সহ-ব্যবস্থাপনা গড়ে তোলা যা অভয়ারণ্যের মধ্যকার জীববৈচিত্র্য সংরক্ষণ এবং উন্নয়নের জন্য গৃহীত দীর্ঘমেয়াদী পরিকল্পনা বাস্তবায়নে সহায়তা করবে। উলেণ্টখ্য যে স্থানীয় জনগনকে সম্পৃক্ত করে ইতিমধ্যে শীলখালী সহ-ব্যবস্থাপনা কমিটি গঠন করা হয়েছে
- ❖ সকল স্টেকহোল্ডারদের অংশীদারিত্বের ভিত্তিতে সহ-ব্যবস্থাপনা কমিটি অনুবর্তী হয়ে জীববৈচিত্র্য সংরক্ষণ এবং উন্নয়নে কাজ করবে
- ❖ রক্ষিত এলাকা ব্যবস্থাপনার জন্য পরিকল্পনা প্রণয়ন, কর্ম প্রক্রিয়া নির্ধারণ, অবকাঠামো উন্নয়ন এবং প্রাতিষ্ঠানিক কাজের সক্ষমতা অর্জন এবং তা উত্তরোত্তর বৃদ্ধি করা
- ❖ বিপন্ন প্রায় বনজ এবং বন্যপ্রানী প্রজাতি সংরক্ষন করা। যার অন্তর্ভূক্ত থাকবে বিপদগ্রস্ত এবং হুমকির মুখে থাকা বন্যপ্রানী এবং প্রায় হারিয়ে যাওয়া বিভিন্ন প্রজাতির গাছ
- ❖ যত দ্রুত সম্ভব উদ্ভিদকূল, প্রাণীকূল ও ভৌত উপাদান সম্পর্কিত বিষয় পুনরুদ্ধার করা সহ বনজ প্রতিবেশের উৎপাদনশীলতা ধরে রাখা
- ❖ নির্দিষ্ট কিছু স্থানে পরিবেশ বান্ধব পর্যটনকে উৎসাহিত করা এবং দর্শনার্থীদের ভ্রমণের জন্য ট্রেইলের উন্নয়ন সহ অন্যান্য সুযোগ সুবিধা বৃদ্ধি করা
- ❖ সর্বোপরি বিকল্প আয় সৃষ্টি সংক্রান্ত কাজে কারিগরী সহায়তা প্রদানের মাধ্যমে স্থানীয় স্টেকহোল্ডারদের দক্ষতা বৃদ্ধি এবং জীবিকার উন্নয়ন।

উপরোক্ত উদ্দেশ্যগুলো অর্জনের জন্য মুল কার্যক্রমের পাশাপাশি নিম্নোক্ত কার্যক্রম গুলোও হাতে নিতে হবেঃ

- ❖ জরিপের মাধ্যমে অভয়ারণ্য সীমানা চিহ্নিত করা
- ❖ একটি সহ-ব্যবস্থাপনা মডেল গড়ে তোলা এবং এর সাথে সম্পৃক্ত কাজে সংশি- ষ্ট নীতি বিষয়ক নির্দেশনা প্রণয়ন, সহ-ব্যবস্থাপনাকে রক্ষিত এলাকা সংরক্ষণের সাথে সংগতিপূর্ণ করে গড়ে তোলা যাতে সকল স্টেকহোল্ডার যথাযথ ভূমিকা রাখতে পারে
- ❖ জীববৈচিত্র্যের উৎস্যসমূহের জরিপ পরিচালনা করা
- ❖ বন বিভাগের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি করা যাতে রক্ষিত এলাকা ব্যবস্থাপনায় নিয়োজিত বন বিভাগ যথাযথ ভূমিকা রাখতে পারে
- ❖ সংরক্ষণ সম্পর্কে সচেতনতা সৃষ্টি করা এবং সংরক্ষণ বিষয়ক ইস্যুতে সম্প্রসারণ কার্যক্রম গড়ে তোলা
- ❖ স্থানীয় স্টেকহোল্ডার এবং বন বিভাগের কর্মচারীদের পর্যাপ্ত প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে সংরক্ষণ, ব্যবস্থাপনা, বিকল্প আয় বৃদ্ধি ও সচেতনতা সৃষ্টিসহ রক্ষিত এলাকার সুবিধাদির উন্নয়নে কার্যকর ভূমিকা পালনের সক্ষমতা অর্জন
- ❖ অভয়ারণ্যের যথাযথ সংরক্ষণ ও উন্নয়নের পাশাপাশি দর্শনার্থীদের জন্য সুবিধার উন্নয়ন করা
- ❖ আশেপাশের গ্রামগুলিতে বনায়নের মাধ্যমে বনজ সম্পদের যোগান বৃদ্ধির জন্যে জনগনকে উৎসাহিত করা
- ❖ দেশীয় জাতের চারার মাধ্যমে বনায়নকে উৎসাহিত করা এবং ধীরে ধীরে বিদেশী জাতের গাছের স্থলে দেশীয় জাতের চারা রোপণ করা
- ❖ প্রধান স্টেকহোল্ডারদের জন্য বিকল্প কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা

১.২ সহ-ব্যবস্থাপনা পদ্ধতি

সরকার প্রাকৃতিক বন সংরক্ষণ ও ব্যবস্থাপনা বিশে- ষণ করে রক্ষিত বন/জলাভূমি এলাকা ব্যবস্থাপনায় স্থানীয় জনগোষ্ঠীর অংশ গ্রহণ ও সক্রিয় সহযোগিতা গ্রহণ করছে। সহ-ব্যবস্থাপনা প্রক্রিয়ায় অংশগ্রহণকারী ও সহযোগী সকলের মধ্যে রক্ষিত এলাকা থেকে প্রাপ্ত সুফল সমভাবে ভাগ করা সহ সহ-ব্যবস্থাপনা পরিচালনা বিষয়ে সিদ্ধান্ড় গ্রহণ প্রক্রিয়ায় সকলের কার্যকর অংশ গ্রহণ নিশ্চিত করা। সকল স্টেকহোল্ডারদের কার্যকরী অংশ গ্রহণ ও সহযোগিতার মাধ্যমে প্রাকৃতিক সম্পদ সংরক্ষণ ও ব্যবস্থাপনার এই প্রক্রিয়াই হচ্ছে 'সহ-ব্যবস্থাপনা'।

১.২.১ সহ-ব্যবস্থাপনার উদ্দেশ্যসমূহ

- ❖ স্থানীয় জনসাধারণকে প্রধান স্টোকহোল্ডার হিসেবে অংশ গ্রহণের সুযোগ সৃষ্টি করার মাধ্যমে রক্ষিত এলাকার জীববৈচিত্র্যের দীর্ঘমেয়াদী সংরক্ষণ ও উন্নয়ন নিশ্চিত করা
- ❖ রক্ষিত এলাকার আশপাশে বসবাসকারী জনগণের অংশ গ্রহণ ভিত্তিক বনজ সম্পদের ব্যবহার ও বিকল্প আয়ের সুযোগ সৃষ্টি এবং তাদের দক্ষতার উন্নয়ন ঘটানো
- ❖ রক্ষিত এলাকা ব্যবস্থাপনার জন্য অবকাঠামো, প্রশিক্ষণ এবং যোগাযোগের সুযোগ সুবিধা সৃষ্টিসহ উন্নততর প্রশাসনিক কাঠামো নিশ্চিতকরণ
- ❖ পরিবেশ বান্ধব পর্যটনকে উৎসাহিত করা এবং দর্শনার্থীদের জন্য পর্যাপ্ত সুযোগ সুবিধার ব্যবস্থা করা
- ❖ স্থানীয় জনগণের পরামর্শ ও সক্রিয় অংশগ্রহণের মাধ্যম সহ ব্যবস্থাপনা কার্যক্রমকে প্রাতিষ্ঠানিক রূপ দেয়া
- ❖ রক্ষিত এলাকায় বন্যপ্রাণী ব্যবস্থাপনা কার্যক্রমে সহায়তা প্রদান করা এবং প্রয়োজনীয় গবেষণার বিষয় সনাক্ত করা
- ❖ জলবায়ু পরিবর্তনের ক্ষতিকর প্রভাব ও এর সাথে খাপ খাওয়ানোর কৌশল সম্পর্কে জনগণকে সচেতন করে তোলা

১.২.২ সহ-ব্যবস্থাপনা সংগঠনসমূহ

সহ-ব্যবস্থাপনা সংগঠন হচ্ছে সহ-ব্যবস্থাপনা পদ্ধতির মাধ্যমে সুনির্দিষ্ট রক্ষিত এলাকার ব্যবস্থাপনা ও জীববৈচিত্র্য সংরক্ষণে নিয়োজিত সংগঠন। এই সংগঠন হচ্ছে সরকার কর্তৃক অনুমোদিত সুনির্দিষ্ট রক্ষিত এলাকার সাথে বিভিন্নভাবে সম্পৃক্ত জনগোষ্ঠী ও সরকারি বিভাগের কর্মকর্তাগণের সমন্বয়ে গঠিত। টেকনাফ বন্যপ্রাণী অভয়ারণ্যের শীলখালী রেঞ্জের ব্যবস্থাপনায় নিয়োজিত সহ-ব্যবস্থাপনা সংগঠনগুলো হলো : ভিলেজ কনজারভেশন ফোরাম (ভিসিএফ), পিপল্স ফোরাম (পিএফ), সহ-ব্যবস্থাপনা কাউন্সিল (সিএমসি), সহ-ব্যবস্থাপনা কমিটি। এছাড়াও সহ-ব্যবস্থাপনায় আওতায় অন্যান্য সহযোগী সংগঠন গুলো হচ্ছে : কমিউনিটি পেট্রোলিং গ্রুপ (সিপিজি), ফরেস্ট কনজারভেশন ক্লাব (এফসিসি), সিবিও, আইন প্রয়োগকারী সংস্থার সদস্য, স্থানীয় সরকার ও বিভিন্ন সরকারী প্রতিষ্ঠানের প্রতিনিধি প্রমূখ।

প্রাকৃতিক সম্পদসমূহের টেকসই ব্যবস্থাপনা নিশ্চিত করতে সহ-ব্যবস্থাপনা সংগঠনসমূহের নেটওয়ার্কিং তৈরীর মাধ্যমে নিম্নোক্ত উদ্দেশ্যগুলো অর্জিত হতে পারে ঃ

- ❖ সহ-ব্যবস্থাপনায় নিয়োজিত সংগঠন সমূহের মধ্যে একটি কার্যকর নেটওয়ার্ক তৈরী করা
- ❖ রক্ষিত এলাকা সহ-ব্যবস্থাপনার জন্য কৌশলগত সামর্থ বৃদ্ধি করা
- ❖ সহ-ব্যবস্থাপনা পদ্ধতির আওতায় নতুন নতুন এলাকা অন্ড়র্ভূক্ত করা
- ❖ জলবায়ু পরিবর্তন মোকাবিলায় যথাযথ কর্মসূচী গ্রহণ এবং এর সঙ্গে খাপ খাওয়ানোর বিষয়টিতে যথেষ্ট গুরুত্ব প্রদান করা
- ❖ প্রাকৃতিক সম্পদ সংরক্ষণে যথাযথ ব্যবস্থাপনা গ্রহন সহ জীববৈচিত্র্য সংরক্ষণে স্থানীয় জনগনের সক্রিয় অংশগ্রহনের লক্ষ্যে সাহায্য/সহযোগিতা বৃদ্ধি করা

❖ বন নির্ভরশীল দরিদ্র জনগোষ্ঠীর বনের উপর নির্ভরশীলতা কমিয়ে আনার লক্ষ্যে বিকল্প কর্ম সংস্থানের সুযোগ সৃষ্টি করা

১.২.৩ সুবিধাসমূহের বন্টন

ক) রক্ষিত এলাকার প্রবেশ ফি ও অন্যান্য আয়ের শতকরা ৫০ ভাগ রক্ষিত এলাকার উন্নয়নে ব্যয়

রক্ষিত এলাকায় সহ-ব্যবস্থাপনা সংগঠন কর্তৃক পরিচালিত বিভিন্ন কর্মকান্ড হতে প্রাপ্ত আয়ের শতকরা ৫০ ভাগ পরবর্তী বছর বন্যপ্রানী অভয়ারন্যের জীববৈচিত্র্য সংরক্ষন এবং এর ব্যবস্থাপনায় ব্যয় করার জন্য সহ-ব্যবস্থাপনা কমিটির নিকট ফেরত প্রদানের ব্যবস্থা রয়েছে। এছাড়াও বাফার এলাকায় সামাজিক বনায়নের মাধ্যমে সৃষ্ট বন হতে উপকারভোগীগন নিম্নোক্ত হারে লভ্যাংশ পেতে পারেন ঃ

খ) শালবন ব্যতীত বিদ্যমান বাগান ও প্রাকৃতিক বনের ক্ষেত্রে

১) বন অধিদপ্তর ৫০%
২) উপকারভোগী ৪০%
৩) বৃক্ষ রোপণ তহবিল ১০%

গ) স্থানীয় জনগণ নিজেদের উদ্যোগে বন বিভাগের ভূমিতে গৃহীত সামাজিক বনায়নের ক্ষেত্রে

১) বন অধিদপ্তর ২৫%
২) উপকারভোগী ৭৫%

ঘ) স্থানীয় জনগোষ্ঠীর উদ্যোগে সরকারি, আধা সরকারি ও স্বায়ত্তশাসিত সংস্থার ভূমিতে সামাজিক বনায়নের ক্ষেত্রে

১) বন অধিদপ্তর ১০%
২) উপকাভোগী ৭৫%
৩) ভূমির মালিক সংস্থা ১৫%

উপরোক্ত কার্যক্রম বাস্ড়বায়নের ফলে সুবিধাভোগীদের উপকার নিশ্চিত হবে

১.২.৪ ল্যান্ডস্কেপ উন্নয়ন তহবিল/এনডোমেন্ট ফান্ড/ঘূর্ণায়মান তহবিল এবং সেবাদানকারী প্রতিষ্ঠানসমূহ

টেকনাফ বন্যপ্রাণী অভয়ারণ্যের শীলখালী রেঞ্জের আওতাধীন বনের অভ্যন্ড়রে এবং পশ্চিম পার্শ্বে ব্যাপক সংখ্যক জনগণ রয়েছে যাদের অধিকাংশের জীবিকা বিদ্যমান বনের প্রাকৃতিক সম্পদের উপর নির্ভরশীল। এই জনগোষ্ঠীর বিকল্প আয় সৃষ্টি, সামাজিক ও সামষ্টিক উন্নয়নে আইপ্যাক প্রকল্প কর্তৃক বিভিন্ন ধরনের বিকল্প কর্মসংস্থানের ব্যবস্থা সহ ল্যান্ডস্কেপ উন্নয়ন তহবিলের মাধ্যমে গুর"ত্বপূর্ণ ভূমিকা পালন করে যাচ্ছে। বিকল্প আয়ের লক্ষ্যে বিভিন্ন প্রকার প্রশিক্ষন ছাড়াও ল্যান্ডস্কেপ উন্নয়ন তহবিলের সহায়তায় শিলখালী সিএমসির মাধ্যমে ৪,৯৯,৮০০/- টাকার গ্র"প ভিত্তিক প্রকল্প বাস্ড়বায়ন করা হচ্ছে। কিন্তু এই বিশাল কর্মকান্ড অন্যান্য সংশি- ষ্ট প্রতিষ্ঠানের সহযোগিতা ছাড়া এককভাবে আইপ্যাক প্রকল্পের মাধ্যমে অর্জন করা সম্ভব নয়। এজন্য নিসর্গ নেটওয়ার্ক সংশি- ষ্ট অংশীদার ও সমর্থনকারী বিভিন্ন সরকারী এবং বেসরকারি সংস্থার যৌথ উদ্যোগ ও অংশীদারিত্ব প্রয়োজন। বিকল্প আয় সৃষ্টি ও ব্যবসায় উদ্যোগসমূহে সংশি- ষ্ট সংস্থাকে জড়িত করার মাধ্যমে কোন জনগোষ্ঠীর আর্থিক ও সামাজিক অবস্থার উন্নয়ন সম্ভব হতে পারে। এ লক্ষ্যে কোন সেবাদানকারী প্রতিষ্ঠান হতে তহবিল পাওয়া গেলে (যেমন: জিটিজেড, ইউএসএইড, আরণ্যক ফাউন্ডেশন ইত্যাদি) তার যথাযথ ব্যবহার নিশ্চিত করা।

উলে"খ্য যে আইপ্যাক প্রকল্পে এনডোমেন্ট ফান্ড অথবা ঘূর্নায়মান তহবিলের কোন প্রকার সংস্থান নাই।

২.০ আবাসস্থল পূনর"দ্ধার কর্মসূচি

২.১ উদ্দেশ্যসমূহ

- ❖ টেকনাফ বন্যপ্রানী অভয়ারন্যে উদ্ভিদ ও প্রাণীকূলের বংশ বৃদ্ধি সহ জীববৈচিত্রের সংরক্ষন এবং উন্নয়ন
- ❖ রক্ষিত অঞ্চলে জনবসতি স্থাপন বন্ধ ও কৃষি কাজ নিয়ন্ত্রণের মাধ্যমে নতুন বন সৃজনের মাধ্যমে জীববৈচিত্রের উন্নয়ন
- ❖ হাতিসহ বিপদাপন্ন প্রাণীদের নিরাপদ চলাচল নিশ্চিত করা সহ খাদ্য ও আশ্রয় নিশ্চিত করা
- ❖ নিয়ন্ত্রিত ইকো-টুরিজমের বিকাশের মাধ্যমে পর্যটনের প্রসার
- ❖ জলাশয়ের বিজ্ঞান ভিত্তিক ব্যবহার নিশ্চিত করা

২.২ বর্তমান বনাঞ্চল এবং তদসংলগ্ন ল্যান্ডস্কেপ ম্যাপ হালনাগাদকরণ

- ❖ বর্তমান বনাঞ্চল এবং ল্যান্ডস্কেপের বাস্ড়ব সম্মত ও পরিবেশবান্ধব ম্যাপ তৈরী করা জর"ী
- ❖ ম্যাপে বিভিন্ন জোন, ঐতিহাসিক স্থান/নিদর্শন সুস্পষ্ট উলে- খ থাকা প্রয়োজন

২.৩ সীমানা চিহ্নিতকরণ

সীমানা চিহ্নিতকরণের জন্য যথাযথভাবে সার্ভে করার পর সীমানা সম্পর্কে নিশ্চিত হওয়া যাবে এবং প্রযোজ্য ক্ষেত্রে সীমানা পিলার স্থাপনা করা যেতে পারে। এর পাশাপাশি সচেতনতা ও নির্দেশনামূলক সাইনবোর্ড ও বিলবোর্ডও স্থাপন করা দরকার। ইতিপূর্বে স্থাপিত সাইনবোর্ড ও বিলবোর্ড প্রযোজ্য ক্ষেত্রে মেরামত ও পূণঃমুদ্রণ করা যেতে পারে।

২.৪ অবৈধভাবে গাছ কাটা/বনে আগুন দেয়া/বিল সেচা এবং পশু চরানো নিয়ন্ত্রণ করা

উলেণ্ঢখিত বিষয়গুলি নিয়ন্ত্রনে নিম্নবর্নিত ব্যবস্থা গ্রহন করা যেতে পারে ঃ

- ❖ অবৈধ গাছ কাটা নিয়ন্ত্রণে বন বিভাগের কর্মীদের যুগোপযোগী প্রশিক্ষণ ও উপকরণ সরবরাহ সহ যৌথ টহল ব্যবস্থা জোরদার করা
  - ❖ বন টহল দল পূর্ণগঠন ও শক্তিশালী করা
  - ❖ যৌথ টহল দলের জন্য বিকল্প কর্মসংস্থানের ব্যবস্থা করতে প্রয়োজনীয় ব্যবস্থা করা। এক্ষেত্রে বিভিন্ন প্রকল্প ও দাতা সংস্থা হতে সাহায্য আহবান করা যেতে পারে
  - ❖ রক্ষা কাজে দায়িত্ব পালনের ক্ষেত্রে মাঠকর্মী ও স্থানীয় লোকজনদের কেউ দৃষ্টান্ড়মূলক অবদান রাখতে পারলে তাকে পুরস্কারের ব্যবস্থা করা
  - ❖ সহ-ব্যবস্থাপনা শক্তিশালী করনের মাধ্যমে স্থানীয় জনগণের সচেতনতা বৃদ্ধি করা
  - ❖ বন নির্ভর দরিদ্র জনগোষ্ঠীর জন্য সহ-ব্যবস্থাপনা কমিটির উদ্যোগে বিকল্প আয়-বৃদ্ধিমূলক কার্যক্রম গ্রহণ ও বাস্ড়বায়ন করা
  - ❖ ল্যান্ডস্ক্যাপ এলাকায় সামাজিক সচেতনতা বৃদ্ধিতে বিভিন্ন সচেতনতামূলক কার্যক্রম গ্রহণ করা
  - ❖ অবকাঠামো (স্কুল, রাস্ড়াঘাট, ব্রীজ/কালভার্ট) উন্নয়নে বিভিন্ন কার্যক্রম গৃহীত ও বাস্ড় বায়ন করা
  - ❖ আগুন নির্বাপনী প্রয়োজনীয় যন্ত্রপাতির সরবরাহ করা
  - ❖ বনে গোচারণ বন্ধে গবাদি পশুর মালিকদের উদ্ধুদ্ধ করা
  - ❖ বনভূমির অবৈধ দখল মুক্ত করা ও অবৈধ দখলরোধে কার্যকরী পদক্ষেপ গ্রহণ করা
  - ❖ সিএম সি ও বন বিভাগের মধ্যে সমন্বয় সভার মাধ্যমে বিভিন্ন সিদ্ধান্ড় গ্রহণ এবং এর বাস্ড়বায়ন নিশ্চিত করা
  - ❖ গন সচেতনতা বৃদ্ধির জন্য বিভিন্ন মাধ্যমে প্রচার প্রচারণা সহ সভা ও সমাবেশ করা

৩.০ ব্যবস্থাপনা কার্যক্রম

৩.১ উদ্দেশ্য

এই ব্যবস্থাপনা কার্যক্রমের প্রধান উদ্দেশ্য হলোঃ

- ❖ হুমকীর সম্মুখীন বনাঞ্চলের কার্যকর প্রতিরোধ গড়ে তোলা যাতে করে জীববৈচিত্র্য রক্ষা পায়
- ❖ বন্যপ্রানী অভয়ারন্যের উন্নয়ন ও প্রকৃতি সম্পদ সংরক্ষণের মাধ্যমে বৃক্ষরাজি এবং বন্যপ্রাণীর উপযুক্ত আবাসস্থল গড়ে তোলা
- ❖ বনের সম্ভাবনাময় উৎস্যগুলোকে সংরক্ষণ করা যার মধ্যে নির্বাচিত জীববৈচিত্র্যও অন্ড়র্ভূক্ত থাকবে
- ❖ স্টেকহোল্ডারদের পরামর্শ ও কার্যকর অংশ গ্রহণের মাধ্যমে সহ-ব্যবস্থাপনা পদ্ধতিকে শক্তিশালীকরণ

৩.২ তদসংলগ্ন ল্যান্ডস্কেপ এলাকা ব্যবস্থাপনা

ল্যান্ডস্ক্যাপ এলাকায় স্ট্রীপ বনায়ন, সংযোগ সড়ক নির্মাণ, ব্রীজ, কালভার্ট সংস্কার/নির্মাণ, বিশুদ্ধ পানীয় জল সরবরাহ, সেনিটেশন ব্যবস্থার উন্নয়ন, স্বল্পমূল্যে উন্নত চুলা স্থাপন, সম্প্রসারণ, ম্যালেরিয়া নিয়ন্ত্রণে সচেতনতা বৃদ্ধি ও চিকিৎসা সেবা নিশ্চিত করা যেতে পারে। এ কাজে অর্থের সংকুলান করতে বিভিন্ন প্রকল্প প্রণয়ন ও দাতা সংস্থাগুলি হতে অর্থ সহায়তা গ্রহণের প্রচেষ্টা চালানো। সহ-ব্যবস্থাপনা কমিটির উন্নয়ন কার্যক্রমের সাথে ল্যান্ডস্কেপ এলাকার কর্মরত বেসরকারী উন্নয়ন সংস্থার উন্নয়ন কার্যক্রমের সাথে সমন্বয় সাধন করা যেতে পারে।

উলেণ্ঢখ্য যে ল্যান্ডস্কেপ এলাকার জনগনের উন্নয়ন ব্যতীত বন্যপ্রানী অভয়ারন্যের উপর চাপ কমানো কোন অবস্থাতেই সম্ভবপর নয়।

৩.৩ রক্ষিত এলাকার মূল অংশ (কোর জোন) ব্যবস্থাপনা

৩.৩.১ আবাসস্থল উন্নয়ন কার্যক্রম

৩.৩.১.১ এনরিচমেন্ট প-ান্টেশন: কোর জোনের ক্ষতিগ্রস্থ অংশ যেখানে প্রাকৃতিকভাবে বনের স্বাভাবিক পুনর"জ্জীবন প্রক্রিয়া বাধাগ্রস্থ হচ্ছে সেখানে উপযুক্ত প্রজাতির চারা দ্বারা বনায়ন করা

৩.৩.১.২ ঘাস জমির উন্নয়ন: তৃণভোজী বন্যপ্রাণীদের খাদ্যপ্রাপ্তি নিশ্চিত করতে ঘাস বাগান সৃষ্টি করা যেতে পারে। এলাকায় সরকারী খাস জমি পাওয়া গেলে তা ঘাস চাষের আওতায় আনা যায়।

৩.৩.১.৩ জলাশয় রক্ষণাবেক্ষণ: বণ্যপ্রাণীদের জন্য বনের অভ্যন্ড়রে পানীয় জলের সরবরাহ নিশ্চিত করার জন্য জলাশয় খনন/সংস্কার/পূণঃখনন করা। প্রয়োজন বোধে চেক ড্যাম নির্মানের মাধ্যমে পানি ধরে রাখার ব্যবস্থা করা যেতে পারে।

৩.৩.১.৪ বিশেষ আবাসস্থল রক্ষণাবেক্ষণ: বিশেষ বিশেষ বন্যপ্রাণী সংরক্ষণের জন্য বিশেষ বিশেষ ধরনের আবাসস্থল গড়ে তোলা। বন্যপ্রাণীর খাবার প্রাপ্যতা নিশ্চিত করার জন্য বনজ ও ফলজ গাছের বনায়ন সহ বিদ্যমান গাছ সংরক্ষণের ব্যবস্থা গ্রহণ করা

৩.৩.২ আবাসস্থল পূনর"দ্ধার কার্যক্রম

৩.৩.২.১ ওয়াটারশেড ব্যবস্থাপনা

- ❖ ওয়াটার শেড সংরক্ষণ করতে হবে। রক্ষিত এলাকার জলপ্রবাহ যেন কোন অবস্থাতেই বাধাগ্রস্ড় না হয় সেই বিষয়ে দৃষ্টি রাখতে হবে

৩.৩.২.২ পরিবেশ বান্ধব কর্মকান্ড পূনর"দ্ধার

- ❖ খালের দু'পাড়ে বাঁশের বাগান সৃজনের মাধ্যমে কুটির শিল্পের কাঁচামাল হিসাবে বাঁশের সহবরাহ বাড়ানো

- ❖ বনজ ও ফলজ চারা রোপণের মাধ্যমে আচ্ছাদন বৃদ্ধি সহ পশুখাদ্যের সরবরাহ বৃদ্ধি
- ❖ জবরদখলকৃত বনভূমি উদ্ধার করে বনায়নের আওতায় আনা

৩.৪ তদসংলগ্ন ল্যান্ডস্কেপ অঞ্চল (জোন)

৩.৪.১ বাফার অঞ্চল

- ❖ টেকনাফ বন্যপ্রাণী অভয়ারণ্যের শীলখালী রেঞ্জে বাফার জোন নাই। এক্ষেত্রে কোর জোন রক্ষা করার জন্য বাফার জোন সৃষ্টি করা প্রয়োজন।

৩.৪.২ ল্যান্ডস্কেপ অঞ্চল

ল্যান্ডস্কেপ এলাকায় বসবাসকারী জনগনের উন্নয়ন তথা আয় বৃদ্ধির লক্ষ্যে নিম্ন বর্নিত ব্যবস্থা গ্রহন করা যায় ঃ

- ❖ ইকোট্যুর গাইড প্রশিক্ষণের মাধ্যমে নতুন ট্যুর গাইড তৈরী এবং তাদের বিকল্প আয়ের ব্যবস্থা করা
- ❖ ইকো-কর্টেজ স্থাপনে উৎসাহ এবং সহযোগিতা প্রদান
- ❖ তাঁত বুনন/রেশম চাষ/নার্সারী উত্তোলন/বাঁশ ও বেত চাষ/বাটিক/বুটিক ইত্যাদি বিষয়ে প্রশিক্ষন এবং সহায়তা প্রদান
- ❖ বনের উপর চাপ কমানোর জন্য উন্নত চুলা স্থাপন বিষয়ে প্রশিক্ষন সহ সহায়তা প্রদান
- ❖ মৎস্য আহরন/প্রক্রিয়াজাত করন বিষয়ে প্রশিক্ষন প্রদান সহ সহযোগিতা প্রদান
- ❖ ঋতুভিত্তিক সব্জি চাষ সহ উন্নত জাতের বিষয়ে প্রশিক্ষণ ও সহায়তা প্রদান

সহ-ব্যবস্থাপনা কমিটির উদ্যোগে বন নির্ভর দরিদ্র জনগণের আর্থ-সামাজিক উন্নয়নে সরকার ও দাতা গোষ্ঠীর সাথে যোগাযোগের মাধ্যম বিষয় ভিত্তিক প্রকল্প গ্রহণ ও বাস্ড়বায়ন করার উদ্যোগ নেওয়া যেতে পারে।

৪.০ জীবিকায়ন এবং ভেলু চেইন কর্মসূচী

৪.১ উদ্দেশ্য

জীবিকায়ন এবং ভেলু চেইন কর্মসূচীর প্রধান উদ্দেশ্য হচ্ছে ঃ

- ❖ বন নির্ভরশীল জনগোষ্ঠীর স্থায়ী কর্ম সংস্থানের মাধ্যমে রক্ষিত এলাকার উপর চাপ কমানো
- ❖ স্থানীয়ভাবে উৎপাদিত পণ্যের স্থায়ী বাজার তৈরীতে সহায়তা করা

৪.২ ভ্যালু চেইন এবং কনজারভেশন এন্টারপ্রাইজ

ভ্যালু চেইন প্রক্রিয়াকে টেকসই করার জন্য একই পেশায় নিয়োজিত স্থানীয় জনগোষ্ঠীকে দলবদ্ধকরণ, দলগতভাবে কাঁচামাল সংগ্রহ, বাজারজাত করণে উদ্ধুদ্ধকরণ এবং বাজারের সাথে সংযোগ সৃষ্টি করে দেওয়া। বনের উপর নির্ভরশীলতা কমানোর জন্য শীলখালী রেঞ্জ/সিএমসির আওতায় ৩২ টি ভিসিএফসহ সিপিজি, এফসিসি সদস্যদের অন্যান্য সংগঠনে ভ্যালু চেইনের বিকল্প আয় বর্ধক কর্মসূচী বাস্ড়বায়নের আওতায় আনা হয়েছে। প্রতি ভিসিএিফ হতে ৩০ জন দরিদ্র সদস্যকে নির্ধারিত ৪টি ট্রেডে (কৃষি, মৎস্য চাষ, বাঁশ-বেতের জিনিস তৈরী এবং নার্সারী উত্তোলন) দলগতভাবে বিভক্ত করে প্রয়োজনীয় উপকরণ সহায়তা প্রদান করা হচ্ছে। পরবর্তীতে অধিক বরাদ্ধ প্রাপ্তির প্রেক্ষিতে ল্যান্ডস্কেপ এলাকার জনগোষ্ঠীকে আরো ব্যাপকহারে বিভিন্ন বিকল্প আয়বর্ধক কর্মসূচীর আওতায় আনা যেতে পারে।

৪.২.১ কৃষি এবং হর্টিকালচার ফসল

- ❖ কৃষি ও হর্টিকালচার ফসল ব্যবস্থাপনা কার্যক্রম হাতে নেয়া হতে যেতে পারে। প্রতিটি পরিবার এভাবে স্বয়ং সম্পূর্ন হলে রক্ষিত এলাকার উপর চাপ করে যাবে
- ❖ উচ্চ ফলনশীল ফসলের/সব্জির আবাদ বৃদ্ধির মাধ্যমে আয় বাড়ানো

৪.২.১.১ সমন্বিত বসতভিটা খামার ব্যবস্থাপনা

- ❖ বনজ ফলদ ও ভেষজ চারা দ্বারা বসত ভিটায় বনায়ন
- ❖ হাঁস মুরগী পালন এবং সবজি চাষ

৪.২.১.২ উচ্চ ফলনশীল ও উচ্চ মূল্যের ফসলের চাষাবাদ

- ❖ স্বল্প সময়ে উচ্চ ফলনশীল কৃষি ফসলের বীজ সরবরাহ ও উৎপাদন বৃদ্ধির জন্য কৃষকদের সচেতন করে তোলা সহ সহায়তা প্রদান

৪.২.১.৩ ভিলেজ নার্সারী

- ❖ বসত ভিটা ভিত্তিক ক্ষুদ্র নার্সারী উত্তোলন উৎসাহিত করা, যা বিকল্প আয় সৃষ্টির একটি অন্যতম মাধ্যম বলে বিবেচিত হয়

৪.২.১.৪ হর্টিকালচার

- ❖ বাউকুল, আপেল কুল, কমলা, কাঠাঁল, জাম, জলপাই, আমলকি, ইত্যাদির বাগান সৃষ্টির ব্যাপারে প্রান্তিক জমি ব্যবহারে উৎসাহ প্রদান

৪.২.২ মৎস্য চাষ/আহরণ

- ❖ সহ-ব্যবস্থাপনা সংগঠনের সহযোগিতায় টহল দল ও বন নির্ভর জনগোষ্ঠির আর্থিক উন্নয়নে ছড়া ও জলাশয়ে পরিবেশ বান্ধব পরিবেশে দলীয় ভাবে মৎস্য চাষে উৎসাহ প্রদান সহ সহায়তা করা

৪.২.৩ বাঁশ সম্পদ উন্নয়ন

- ❖ বসত ভিটার প্রান্তিক জমিতে বাঁশ বাগান সৃজন করে কুটির শিল্পের জন্য কাঁচামাল সরবরাহ নিশ্চিত করন

৪.২.৪ হস্তশিল্প/তাঁত শিল্প

- ❖ উৎসাহি বন নির্ভর দরিদ্র মহিলা ও যুব মহিলাদের বাটিক/বুটিক বিষয়ে প্রশিক্ষন প্রদান

৪.২.৫ উন্নত চুলা

- ❖ উন্নত চুলা স্থাপনে দক্ষ কারিগর তৈরীর বিষয়ে প্রশিক্ষন প্রদান সহ উন্নত চুলা স্থাপনে ল্যান্ডস্ক্যাপ এলাকার জনগণকে উদ্বুদ্ধ করা
- ❖ সিএমসি'র উদ্যোগে স্বল্প মূল্যে ল্যান্ডস্ক্যাপ এলাকার জনগণের মাঝে উন্নত চুলা স্থাপন/সরবরাহের ব্যবস্থা করা। এক্ষেত্রে, জিটিজেড এর কাছ থেকে আর্থিক ও কারিগরি সহায়তা গ্রহণ করা যেতে পারে।

৫.০ ফেসিলিটিজ (অবকাঠামো মূলক) উন্নয়ন কর্মসূচি

৫.১ উদ্দেশ্যসমূহ

আগত পর্যটকগণ যাতে স্বাচ্ছন্দে বন্যপ্রানী অভয়ারণ্যে ভ্রমণ এবং পর্যাপ্ত জ্ঞান/আনন্দ লাভ করতে পারে সেজন্য প্রয়োজনীয় অবকাঠামো নির্মাণ ও সুযোগ সুবিধা নিশ্চিত করা। পরিবেশবান্ধব পর্যটকদের পাশাপাশি বন

ব্যবস্থাপনায় নিয়োজিত বন বিভাগের মাঠ পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীদের অবস্থানের জন্য ও পর্যাপ্ত ঘরবাড়ি নির্মান সহ নিরাপত্তা প্রদানের বিষয়টিও নিশ্চিত করা প্রয়োজন।

৫.২ সুবিধাদির উন্নয়ন

পর্যটকদের প্রকৃতি উপভোগের জন্য নিম্নলিখিত সুবিধাদির উন্নয়ন করা যেতে পারে ঃ

- ❖ গর্জন বন সহ অন্যান্য এলাকায় ট্রেইল উন্নয়ন ও রক্ষনাবেক্ষন সহ নতুন রাস্ড়া ও ট্রেইল নির্মান করা
- ❖ নিদিষ্ট স্থানে পানীয় জলের জন্য টিউব ওয়েল স্থাপন ও টয়লেট এর ব্যবস্থা করা
- ❖ উঁচু স্থান থেকে প্রকৃতি পর্যবেক্ষনের জন্য পর্যবেক্ষন টাওয়ার নির্মান
- ❖ রেস্ট হাউজ/ ছাত্রাবাস/ ইকো-কর্টেজ নির্মাণ
- ❖ ইন্টারপ্রিটেশন সেন্টার নির্মাণ যা পর্যটকদের সাম্যক জ্ঞান আহরনে সাহায্য করতে পারে
- ❖ ফুট ওভার ব্রীজ এবং এরিয়াল রোপওয়ে নির্মানের বিষয়টিও পরিকল্পনায় রাখা যেতে পারে

৬.০ দর্শনার্থী ব্যবস্থাপনা কর্মসূচী

৬.১ উদ্দেশ্যসমূহ

- ❖ পরিবেশ বান্ধব পর্যটন শিল্পের বিকাশ
- ❖ এলাকাবাসীর জীবিকায়নের সুযোগ সৃষ্টি
- ❖ আদিবাসীদের শিল্প ও সংস্কৃতির বিকাশ
- ❖ পার্কিং স্পট সংস্কার ও সম্প্রসারণ

৬.২ পরিবেশ বান্ধব পর্যটন

৬.২.১ পরিবেশ বান্ধব পর্যটন এলাকা চিহ্নিতকরণ

- ❖ বিদ্যমান গর্জন বন সহ দর্শনীয় স্থানগুলি চিহ্নিত করে পরিবেশ বান্ধব পর্যটন গড়ে তোলা। এগুলি পর্যটক আকর্ষনে উলেণ্ঢখযোগ্য ভূমিকা রাখতে পারে।

৬.২.২ সুবিধাদি উন্নয়ন

৬.২.২.১ প্রবেশ ফি

- ❖ প্রবেশ ফি সংগ্রহের মাধ্যমে রাজস্ব আয় বৃদ্ধি করা এবং নীতিমালা অনুযায়ী রক্ষিত এলাকার জীববৈচিত্র্য সংরক্ষণ ও এলাকাবাসীর উন্নয়নে ব্যয় করা
- ❖ ছাত্রাবাস ও ইকো-কটেজ এর মাধ্যমে আয় বৃদ্ধি এবং তা উন্নয়ন কাজে ব্যয় করা

৬.২.২.২ প্রকৃতি এবং হাইকিং ট্রেইল

- ❖ শোভাবর্ধনকারী ফুলের বাগান তৈরী
- ❖ নতুন ট্রেইল তৈরী ও পুরাতন ট্রেইল সংস্কার করে পর্যটকদের ভ্রমণের উপযোগী করা
- ❖ হাইকিং ট্রেইলে সচেতনতা ও সতর্কতামূলক (ছবি সম্বলিত) বিল বোর্ড/ম্যাসেজবোর্ড স্থাপন
- ❖ ট্রেইলে বর্জ্য ফেলার ডাস্টবিন স্থাপন
- ❖ টুরিস্ট নিয়মাবলী সম্পর্কিত লিফলেট তৈরী ও বিতরন
- ❖ ট্রেইল উন্নয়নের মাধ্যমে দর্শনার্থীদের প্রকৃতি ভ্রমণে সহযোগিতা প্রদান
- ❖ পর্যটকদেরকে ইকো-ট্যুর গাইড সেবা দেয়া নিশ্চিত করন
- ❖ বিভিন্ন প্রচার মাধ্যমে প্রচারণা (প্রিন্ট এবং ইলেকট্রনিক মিডিয়া)

৬.২.২.৩ পিকনিকের জন্য সুবিধাদি

- ❖ কোর এলাকার নিদিষ্ট স্থান সহ ল্যান্ডস্কেপ এলাকায় পিকনিক স্পট তৈরীর মাধ্যমে পর্যটকদের আবাসিক সুযোগ সুবিধা বৃদ্ধি করা
- ❖ পর্যটকদের বসার বেঞ্চ, টয়লেট, ইত্যাদি নির্মান সহ খাবার পানি সরবরাহ সহ বিভিন্ন বিনোদন সুবিধার ব্যবস্থা রাখা

৬.২.২.৪ কমিউনিটি ভিত্তিক পরিবেশ বান্ধব পর্যটন

- ❖ ব্যক্তি উদ্যোগে ইকো-কর্টেজ নির্মানে উৎসাহিত এবং সহযোগিতা করা
- ❖ পরিবেশ বান্ধব ভ্রমণ সামগ্রী সংগ্রহ এবং তা বিপননে উৎসাহ প্রদান
- ❖ ওয়াচ টাওয়ার/এরিয়াল রোপওয়ে/পরিবেশ বান্ধব পিকনিক স্পট নির্মাণ
- ❖ রক্ষিত এলাকার বাহিরে মান সম্মত রেস্টুরেন্ট স্থাপনে উৎসাহিত করা
- ❖ উপজাতীয়দের তৈরী হস্ড়শিল্পের প্রদর্শনী ও বিক্রয় কেন্দ্র নির্মাণ
- ❖ বেকার শিক্ষিত যুবকদের ইকো-ট্যুর গাইডের মাধ্যমে পর্যটকদের ভ্রমন নির্বিঘ্ন করা

৬.২.২.৫ পরিবেশ বান্ধব পর্যটন নিয়ন্ত্রণ

- ❖ সাইন বোর্ড, বিল বোর্ড, লিফলেট প্রস্তুতকরন এবং যথাস্থানে স্থাপন/বিলির ব্যবস্থা করা
- ❖ ইকো-ট্যুর গাইডের সহায়তা সম্প্রসারন করা
- ❖ পাহারা দলের সদস্যদের পর্যটন সংক্রান্ড় বিষয়ে প্রয়োজনবোধে নিয়োজিত করা
- ❖ পর্যটন নিয়ন্ত্রনের বিষয়ে সিএমসির প্রত্যক্ষ তত্ত্বাবধান জোরদার করা

৬.৩ সংরক্ষণ বিষয়ক শিক্ষা, সচেতনতা এবং অন্তর্নিহিত অর্থ বিশে- ষণ

৬.৩.১ পর্যটন শিক্ষার জন্য ইন্টারপ্রিটেটিভ মাধ্যম

- ❖ সাইন বোর্ড, বিল বোর্ড, লিফলেট, ভিডিও চিত্র, ট্রেইল চিহ্ন, ইকো-ট্যুর গাইড, মোবাইল ভিডিও ভ্যান, ইত্যাদি স্থাপন ও ব্যবস্থা করন

৬.৩.২ পরিবেশ বিষয়ক শিক্ষা

- ❖ বিভিন্ন সভা, সমাবেশ, হাইকিং, ক্রস ভিজিট, মাইকিং, ভিডিও প্রদর্শন, প্রশিক্ষণ, ইত্যাদি বিষয়াদি আয়োজনের মাধ্যমে পরিবেশ সংক্রান্ড় বিষয়ে সচেতন করা যেতে পারে

৭.০ অংশ গ্রহণ মূলক মনিটরিং (পরিবীক্ষণ) এবং সক্ষমতা বৃদ্ধিকরণ কর্মসূচী

৭.১ উদ্দেশ্যসমূহ

- ❖ সহ-ব্যবস্থাপনার দক্ষতা বৃদ্ধি সহ সম্পাদিত কাজের বিবরন জানা এবং এর ভিত্তিতে গুনগত মানের উন্নয়ন সাধন
- ❖ সুষ্ঠ পরীবিক্ষনের উপর নির্ভর করে বিষয় ভিত্তিক উন্নয়ন প্রকল্প গ্রহন এবং এর সুষ্ঠ ব্যবস্থাপনার মাধ্যমে রক্ষিত এলাকার উন্নয়ন সাধন

৭.২ অংশ গ্রহণমূলক মনিটরিং

- ❖ ক্রস ভিজিট, যৌথ সমীক্ষা এবং প্রশিক্ষণ কার্যক্রমের মাধ্যমে দক্ষতা বাড়ানো
- ❖ বাস্ড়বায়িত/বাস্ড়বায়িতব্য কাজের গুনগত মান নিশ্চিতকরণ

৭.৩ প্রশিক্ষন

- ❖ সহ-ব্যবস্থাপনার সাথে জড়িত সংগঠনগুলির বিভিন্ন স্ড়রের প্রতিনিধিদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষনের ব্যবস্থা করা
- ❖ বিকল্প আয় সৃষ্টির কৌশল সম্পর্কিত বিভিন্ন বিষয়ে প্রশিক্ষনের ব্যবস্থা করা

৮.০ প্রাতিষ্ঠানিক উন্নয়ন কর্মসূচি

৮.১ উদ্দেশ্যসমূহ

- ❖ সহ-ব্যবস্থাপনা প্রতিষ্ঠানকে দক্ষ/গতিশীল করা
- ❖ জনবল বৃদ্ধি ও প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে কাজের উপযোগী করে গড়ে তোলা
- ❖ বনভূমি, জীববৈচিত্র্য সংরক্ষণ, ইকো-টুরিজম ইত্যাদি সংক্রান্ড় কর্মকান্ড সুষ্টুভাবে সম্পাদন

৮.২ স্টাফিং এবং প্রশিক্ষন

- ❖ চাহিদা অনুযায়ী ষ্টাফ নিয়োগ করা জর"রী
- ❖ নিয়োগ প্রাপ্ত ষ্টাফদের সহ অভয়ারন্য ব্যবস্থাপনার সাথে জড়িত ব্যক্তিবর্গকে বিষয় ভিত্তিক প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে যোগ্য হিসাবে গড়ে তোলা
- ❖ অভয়ারন্য ব্যবস্থাপনা, পরিবেশ ও জীববৈচিত্র সংরক্ষণে গঠিত উপ-কমিটিসমূহের সদস্যদেরও প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান

৮.৩ দায়িত্ব ও কর্তব্যসমূহ

- ❖ প্রত্যেক ষ্টাফকে পারস্পারিক দায়িত্ব ও কর্তব্য সম্পর্কে সম্পূর্ন ওয়াকিবহাল থাকা
- ❖ অর্পিত দায়িত্ব উপলব্ধি ও নিষ্ঠার সহিত সম্পাদন করা

৯.০ বাজেট

৯.১ বাজেট প্রনয়ন

- ❖ অভয়ারণ্য ব্যবস্থাপনা সহ পরিবেশ ও জীববৈচিত্র্য সংরক্ষণে গৃহীত কার্যক্রম বাস্ড়বায়নের লক্ষ্যে একটি বাৎসরিক/পঞ্চ বার্ষিক পরিকল্পনা (বাস্ড়ব ও আর্থিক প্রাক্কলন সহ) সহ-ব্যবস্থাপনা কমিটি কর্তৃক প্রনয়ন পূর্বক সহ-ব্যবস্থাপনা কাউন্সিলের অনুমোদন স্বাপেক্ষে বাস্ড়বায়ন করা
- ❖ কার্যক্রম বাস্ড়বায়নে নিজস্ব তহবিলের উৎস ছাড়াও বাহিরের সাহায্য প্রাপ্তির ব্যবস্থা রাখা যেতে পারে
- ❖ প্রাক্কলিত বাজেট নিয়ন্ত্রণ এবং গৃহীত কার্যক্রম যথাযথ ভাবে বাস্ড়বায়ন সহ খরচের সঠিক হিসাব অবশ্যই রাখতে হবে।

৯.২ বাজেট পরিবর্তন/পরিমার্জন

- ❖ পরিকল্পনা বাস্ড়বায়নাধীন সময়ে কাজের প্রয়োজনে অথবা মূল্যস্ফীতির কারনে বাজেট সংশোধন করা যেতে পারে। তবে সংশোধিত বাজেট সহ-ব্যবস্থাপনা কাউন্সিলের অনুমোদন স্বাপেক্ষে বাস্ড় বায়ন করতে হবে।

১০.০ সহ-ব্যবস্থাপনা সংগঠনগুলির ধারাবাহিকতা বজায় রাখার কৌশল

প্রকল্পের মেয়াদ শেষ হওয়ার পরেও সহ-ব্যবস্থাপনা সংগঠন গুলি যাতে ফলপ্রসু এবং কার্যকর ভাবে রক্ষিত এলাকা গুলো সংরক্ষন এবং উন্নয়ন কার্যক্রমের ধারাবহিকতা বজায় রাখতে পারে সেই লক্ষ্যে আইপ্যাক এর কর্মপরিকল্পনায় সক্রিয় এবং বাস্ড়বসম্মত পদক্ষেপ গ্রহনের দিকনির্দেশনা রয়েছে যা নিম্নর"পঃ

১০.১ আইপ্যাকের আওতাধীন ২৫টি রক্ষিত এলাকার জন্য এলাকা ভিত্তিক ধারাবাহিকতার কর্মপরিকল্পনা প্রনয়ন ঃ

ধারাবাহিকতা বজায় রাখার লক্ষ্যে ১৬টি রক্ষিত বন এবং ৫টি রক্ষিত জলাভূমির জন্য যে ২১ টি রক্ষিত এলাকা সহ-ব্যবস্থাপনা পরিকল্পনা প্রনয়ন করা হয়েছে তাতে দিকনির্দেশনা সম্বলিত এ অনুচ্ছেদটি সংযোজন করা হয়েছে। সহ-ব্যবস্থপনা সংগঠনগুলি যদি সহ-ব্যবস্থাপনা পরিকল্পনায় উলেণ্ঢখিত দিকনির্দেশনা মোতাবেক তাদের সাংগঠনিক কার্যক্রমগুলো যথাযথ ভাবে পরিচালনা করে তবে প্রকল্প মেয়াদান্ড়ে তাদের ধারাবাহিকতা অবশ্যই বজায় থাকবে।

১০.২ ধারাবাহিকতার জন্য প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি এবং মানব সম্পদ উন্নয়নঃ

প্রশিক্ষনের মাধমে প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধিসহ দলগত কর্মদক্ষতা উন্নয়নের ভিত্তিতে সহ-ব্যবস্থাপনা প্রতিষ্ঠানের ধারাবাহিকতা বজায় রাখা আইপ্যাক প্রকল্পের অন্যতম মূল লক্ষ্য। এই লক্ষ্যে প্রশিক্ষনের পাশাপাশি প্রাতিষ্ঠানিক এবং আর্থিক ব্যবস্থাপনায় বিশেষ গুর"ত্ব প্রদান করতে হবে। এখানে উলেণ্ঢখ করা প্রয়োজন যে সহ-ব্যবস্থাপনা প্রতিষ্ঠান গুলির ব্যবস্থাপনার জন্য যে সকল সুস্পষ্ট দিক নির্দেশনা প্রদান করা হয়েছে সেই মোতাবেক সহ-ব্যবস্থাপনা সংগঠনগুলি তাদের কর্মকান্ড পরিচালনা করছে কিনা সেই বিষয়গুলি নিশ্চিত করতে হবে। যেমন ঃ

- যথাসময়ে সহ-ব্যবস্থাপনা সংগঠনের নির্ধারিত সভাগুলো অনুষ্ঠিত হওয়া (যেমন: সহ-ব্যবস্থাপনা কমিটি, পিপলস্ ফোরাম, নিসর্গ সহায়ক, ভিলেজ কমিউনিটি ফোরাম এর নির্ধারিত সভাগুলো)।
- প্রতিটি সভার কার্যবিবরনীসহ সিদ্ধান্ড়নির্ধারিত মহলে প্রেরন করা
- ভিসিএফ, এন এস এবং পি এফ সংগঠন গুলোর কার্যক্রম নিয়মিত ভাবে সিএমসি কর্তৃক মনিটর করা।
- সংশি- ষ্ট সরকারী প্রতিষ্ঠানের সাথে নির্ধারিত সভাগুলো যথা সময়ে সম্পাদন করা, ইত্যাদি।

এছাড়াও আর্থিক ব্যবস্থাপনা যাতে নিয়মনীতি মোতাবেক স্বচ্ছতার সাথে পরিচালিত হয় সে বিষয়েও নিশ্চিত হতে হবে। যেমনঃ

- সহ-ব্যবস্থাপনা প্রতিষ্ঠানের (সিএমসি/আরএমও) বার্ষিক উন্নয়ন পরিকল্পনা প্রনয়ন এবং নির্ধারিত কর্তৃপক্ষের নিকট হতে অনুমোদন করা।
- সহ-ব্যবস্থাপনা প্রতিষ্ঠানের সকল আয় ব্যয় স্বচ্ছতার সাথে হিসাবায়িত করা
- দক্ষতার সাথে রক্ষিত এলাকার প্রবেশ ফি সহ অন্যান্য ফি আদায়
- কাউন্সিল কমিটিতে সিএমসি/আরএমও এর আর্থিক প্রতিবেদন উপস্থাপন এবং অনুমোদন করিয়ে নেওয়া
- নির্ধারিত সময়ে অভিজ্ঞ অডিটর দ্বারা হিসাব নিকাশ অডিট করানো, ইত্যাদি।

আমাদের মনে রাখতে হবে যে সুষ্ঠু প্রাতিষ্ঠানিক দক্ষতা এবং স্বচ্ছ আর্থিক ব্যবস্থাপনার উপরই সহ-ব্যবস্থাপনা প্রতিষ্ঠানের ধারাবাহিকতা নির্ভলশীল।

উলেণ্ঢখ্য যে সহ-ব্যবস্থাপনা প্রতিষ্ঠানের জন্য একটি 'পারফরমেন্স মনিটরিং স্কোরকার্ড' প্রনয়ন করা হয়েছে যা কার্যকর ভাবে সম্পাদিত কার্যক্রম/উন্নয়ন ধারাবাহিক ভাবে মূল্যায়িত হচ্ছে। প্রসঙ্গত যে এই কার্য্যক্রমের মাধ্যমে সরকারী প্রতিষ্ঠানের দক্ষতা এবং প্রতিশ্র"তি বৃদ্ধি পাবে যা সহ-ব্যবস্থাপনা সংগঠন ও এর অঙ্গ সংগঠনগুলোর সাথে সংরক্ষনের বিষয়ে সমর্থন বৃদ্ধি করবে ফলশ্র"তিতে একত্রে কাজ করা সহজ হবে।

১০.৩ দীর্ঘ মেয়াদী এবং সম্বন্বিত আর্থিক ব্যবস্থাপনা গড়ে তোলা ঃ

প্রতিটি রক্ষিত এলাকায় নিদিষ্ট সম্ভাবনাময় বিষয়গুলি চিহ্নিত করে দীর্য়মেয়াদী এবং সমন্বিত আর্থিক ব্যবস্থাপনা গড়ে তুলতে হবে। এর মধ্যে রয়েছে সকল সহ-ব্যবস্থাপনা সংগঠনের সোসাল ওয়েল ফেয়ার দপ্তরে নিবন্ধন করা যাতে তারা তহবিল সংগ্রহ/সৃষ্টি এবং এর ব্যবস্থাপনা করতে পারে। তহবিল সংগ্রহ সম্ভাবনার মধ্যে রয়েছে ঃ

- রক্ষিত এলাকার প্রবেশ ফি, পার্কিং ফি ইত্যাদি বাবদ প্রাপ্ত রাজস্বের শতকরা ৫০ ভাগ
- রক্ষিত এলাকার ইকো-ট্যুরিজম থেকে প্রাপ্য আয়ের ভাগ

- ❖ আরন্যক ফাউন্ডেশন এর সাথে সহ-ব্যবস্থাপনা সংগঠনের সেতুবন্ধন স্থাপনের মাধ্যমে প্রাপ্ত ফান্ড
- ❖ সরকারী বরাদ্ধ প্রাপ্তির সুযোগ করিয়ে দেওয়া
- ❖ অন্যান্য দাতা এবং বেসরকারী প্রতিষ্ঠানের নিকট থেকে আর্থিক সমর্থন প্রাপ্তির লক্ষ্যে উন্নয়ন প্রকল্প প্রনয়ন এবং দাখিল করা, ইত্যাদি।

উলেণ্ঢখিত সম্ভাবনাগুলো যথাযথ ভাবে কাজে লাগানো গেলে সহ-ব্যবস্থাপনা সংগঠনের ধারাবাহিকতা রক্ষার ক্ষেত্রে যে ব্যাপক অবদান রাখবে তা বলার অপেক্ষা রাখে না।

১০.৪ 'নিসগ্য নেটওয়ার্কের' পলিসি এবং আইনগত সমর্থন নিশ্চিতকরনঃ

রক্ষিত এলাকার সহ-ব্যবস্থাপনাকে 'পলিসি এবং আইনগত' সমর্থন লাভের লক্ষ্যে নতুন 'রক্ষিত এলাকা নীতিমালা' প্রনয়নসহ সহ সহ-ব্যবস্থাপনা ধারনাকে অন্র্ড়ভূক্ত করে বিদ্যমান 'বন আইন' এবং 'বন্যপ্রানী আইন' সংশোধন কার্যক্রম প্রায় চূড়ান্ড় পর্যায়। এছাড়াও বিদ্যমান জাতীয় বন নীতিতে ও 'সহ-ব্যবস্থাপনা ধারনাকে' অর্ন্ড়ভূক্ত করে বন বিভাগ একটি যুগোপযোগী জাতীয় বননীতি প্রনয়নের কাজ হাতে নিয়েছে। এ ক্ষেত্রে আইপ্যাকের অর্জন যথেষ্ট উৎসাহব্যঞ্জক।

রক্ষিত এলাকার সহ-ব্যবস্থাপনাকে বিভিন্ন মহলে তুলে ধরা সহ সরকারী সমর্থন আদায় এবং সরকারী আর্থিক এবং কারিগরী সহায়তা প্রাপ্তির সম্ভাবনাময় ক্ষেত্রগুলি কাজে লাগানো গেলে সরকারের সক্রিয়/ফলপ্রসু সহযোগী হিসাবে সহ-ব্যবস্থাপনা সংগঠনের ধারাবাহিকতা রক্ষা নিশ্চিত হবে।

১০.৫ মত-বিনিময়ের মাধ্যমে সহ-ব্যবস্থাপনা সংগঠনগুলির মধ্যে নেটওর্য়াক স্থাপন ঃ

রক্ষিত এলাকা সংরক্ষনে 'সহ-ব্যবস্থাপনা পদ্ধতি' বাংলাদেশ সরকারের আইন এবং পলিসি গত সমর্থন লাভ সহ আর্থিক সহায়তা প্রাপ্তির নিমিত্তে কার্য্যকর প্রভাব বিস্ড়ারের লক্ষ্যে একটি জাতীয় কণ্ঠ (National Voice) এবং মঞ্চ (Platform) স্থাপনের জন্য সহ-ব্যবস্থাপনা প্রতিষ্ঠান গুলির মধ্যে মতবিনিময়ের মাধ্যমে কার্য্যকর নেটওয়ার্কিং গড়ে তোলা জর"রী। এই লক্ষ্যে সহ-ব্যবস্থাপনা সংগঠন গুলোর সংশিণ্ঢষ্ট ইউনিয়ন পরিষদ, উপজেলা এবং জেলা পর্যায়ের কর্মকর্তাদের সাথে ঘনিষ্ঠ যোগসূত্র স্থাপন করা জর"রী। এছাড়াও সহ-ব্যবস্থাপনা নেটওর্য়াক এর মাধ্যমে বিভিন্ন জাতীয় ফোরামে সহ-ব্যবস্থাপনা বিষয়টি উপস্থাপনের কার্যকর পদক্ষেপ গ্রহন করতে হবে।

১১.০ জলবায়ু পরিবর্তনের প্রভাব এবং সম্ভাব্য অভিযোজন পরিকল্পনা

১১.১ জলবায়ু পরিবর্তন

জলবায়ু হচ্ছে কোন এলাকার কমপক্ষে ৩০ বছরের গড় আবহাওয়া। কোন নির্দিষ্ট ঋতুতে একটি এলাকার আবহাওয়ার লক্ষণীয় পরিবর্তন হয় জলবায়ু পরিবর্তনের কারণে। জলবায়ু পরিবর্তন একটি নিয়মিত প্রাকৃতিক ঘটনা কিন্তু মানুষের কর্মকান্ডে তা ব্যাপকভাবে প্রভাবিত হয়। জলবায়ু পরিবর্তনের ফলে পৃথিবীর তাপমাত্রা বৃদ্ধি পাচ্ছে যা বৈশ্বিক উষ্ণায়ন নামে অভিহিত। জলবায়ু পরিবর্তনের কারণে মানব অস্ড়িত্বসহ এ গ্রহের জীববৈচিত্র্য হুমকির সম্মুখীন।

১১.২ জলবায়ু পরিবর্তনের কারণসমূহ

প্রাকৃতিক কারণ ঃ যেমন: ভূ-কম্পন, সৌর শক্তির তারতম্য, পৃথিবীর কক্ষীয় পরিবর্তন, আগ্নেয়গিরি, সামুদ্রিক স্রোতের তারতম্য, ক্রমাগমন ইত্যাদি।

মনুষ্য সৃষ্ট কারণ ঃ যেমন: গ্রীন হাউজ গ্যাস নিঃসরণ, বৈশ্বিক উষ্ণতা, বনাঞ্চল ধ্বংস, ভূমি ব্যবহারে পরিবর্তন ইত্যাদি।

১১.৩ টেকনাফ বন্যপ্রানী অভয়ারন্যে জলবায়ু পরিবর্তনের সম্ভাব্য প্রভাবসমূহ

১১.৩.১ সমুদ্রপৃষ্ঠের উচ্চতা বৃদ্ধি

- ধারনা করা হয় যে সমুদ্র পৃষ্ঠের উচ্চতা ৪৫ সেন্টিমিটার বৃদ্ধি পেলে ২০৫০ সাল নাগাদ বাংলাদেশের ১০-১৫% ভূমি পণ্ঢাবিত হবে। যার ফলে উপকূলীয় এলাকায় জলাবদ্ধতা বৃদ্ধি পাবে, কৃষি, বসতি ও অবকাঠামোগত উন্নয়ন ক্ষতিগ্রস্ড় হবে।
- সমুদ্রপৃষ্ঠের উচ্চতা ১মিটার বৃদ্ধি পেলে এই অঞ্চলের পানি নিষ্কাশন ব্যহত হবে, পানির লবনাক্ততা বৃদ্ধি পেয়ে কৃষি ও মৎস সম্পদের ব্যাপক ক্ষতি হতে পারে।
- সমুদ্রপৃষ্ঠের উচ্চতা বৃদ্ধি পেলে জলোচ্ছাস্জনিত ক্ষতির ব্যাপ্তি ও পরিমান হবে আরও ভয়াবহ যা জাতীয় দুর্যোগ সৃষ্টি করতে পারে।
- দরিদ্র, ভূমিহীন জনগন যাদের বসতবাড়ি করার মত জায়গা নেই তারা বেশি ঝুঁকির মধ্যে পড়বে।

১১.৩.২ অতি বৃষ্টিপাত

জলবায়ু পরিবর্তত হলে দেশব্যাপী বর্ষা মৌসুমে বৃষ্টিপাত অতিমাত্রায় বাড়বে। এতে বর্ষায় বিশেষ করে বাখখালী ও নাফ নদীতে পানিপ্রবাহ বাড়বে, যা বাড়াবে বন্যার প্রকোপ। অধিক বৃষ্টি, আকস্মিক বন্যা ও মৌসুমী বন্যার পরিমান বৃদ্ধির কারণে আউস বা আমন চাষের এলাকা কমে যাবে এবং ফসলের উৎপাদন ব্যাহত হবে।

১১.৩.৩ নদীর ক্ষীণ প্রবাহ

জলবায়ু পরিবর্তনের ফলে শুকনো মৌসুমে দেশের প্রধান প্রধান নদীর বিশেষ করে দক্ষিন অঞ্চলের নাফ নদীর প্রবাহ আরো হ্রাস পাবে। নদীর ক্ষীণ প্রবাহের কারণে সামুদ্রিক লোনা পানি দেশের অভ্যন্ড়রে প্রবেশ করে নদ-নদীর পানিতে লবণাক্ততা বাড়িয়ে দেবে। নদী পথে নাব্যতা সংকটের কারণে অনেক এলাকার নৌপথ শুষ্ক মৌসুমে চলাচল বন্ধ হয়ে যেতে পারে। এতে এলাকার সেচ ব্যবস্থা হুমকির মুখে পড়তে পারে। নদীর ক্ষীন প্রভাব নদী দূষন বৃদ্ধির অন্যতম কারন হতে পারে।

১১.৩.৪ আকস্মিক বন্যা

দেশের দক্ষিন-পূর্বাঞ্চলের ১,৮০০ বর্গ কিঃ মিঃ এলাকা এ ধরনের আকস্মিক বন্যার শিকার। পাহাড়ী এলাকার বৃষ্টিপাতের বাৎসরিক পরিসংখ্যান ও নদীর পানি প্রবাহের ধরন থেকে দেখা গেছে যে, প্রতি ২-৩ বছর পর পর বাংলাদেশে বিশেষ করে দক্ষিন-পূর্বাঞ্চলে এরকম আকস্মিক বন্যা দেখা দেয়।

১১.৩.৫ খরার প্রকোপ

কোন এলাকায় বৃষ্টিপাতের তুলনায় বাষ্পীভবনের মাত্রা বেশী হলে সেখানে খরা দেখা দেয়। অর্থাৎ বৃষ্টিপাতের পরিমাণ প্রয়োজনের তুলনায় কম হলে এবং স্থানীক বিচারে বৃষ্টিপাত সমভাবে বন্টিত না হলে খরা দেখা দেয়। কোন অঞ্চলের মাটিতে আর্দ্রতার অভাবে দেখা দেয় খরা; এতে ফসল হানি ঘটে এবং উদ্ভিদাদি জন্মাতে পারে না।

১১.৩.৬ ঝড় ঝঞ্চা

উত্তপ্ত বায়ু ও ঘূর্ণিবায়ু থেকে ঝড়ের উদ্ভব হয়। পানির উত্তাপ বৃদ্ধিই ঘূর্ণিঝড়ের অন্যতম প্রধান কারণ। বাংলাদেশ প্রতি বছর মে-জুন এবং অক্টোবর-নভেম্বর মাসে ঘূর্ণিঝড় দেখা দেয়। ঘূর্ণি ঝড়ের ফলে দক্ষিন-পূর্বে জেলা সমূহে বিশেষ করে টেকনাফ বন্যপ্রানী অভয়ারন্যে বৃক্ষসমূহ ঝড় ঝঞ্চার কারনে মারাত্মকভাবে ক্ষতিগ্রস্থ হয়।

১১.৩.৭ নদীতীর ও মোহনায় ভাঙ্গন ও ভূমি গঠন

বিগত ২০ বছরের পরিসংখ্যান থেকে দেখা গেছে যে, দক্ষিন-পূর্ব অঞ্চলে ভূমি ক্ষয় ও নদী ভাঙ্গন বেড়েছে। এতে কক্সবাজার জেলার নদীগুলো বিশেষ করে বাখখালী নদী মারাত্নক ভাঙ্গনের করলে পতিত হয়। অপরদিকে নতুন ভূমি গঠন হলেও বালিয়ারীর কারনে এখনও ভালোভাবে চাষাবাদ করা যাচ্ছে না।

১১.৪ জলবায়ু পরিবর্তনের সাথে খাপ খাওয়াতে টেকনাফ বন্যপ্রানী অভয়ারন্যে জন্য করণীয় অভিযোজন সমূহ

জলবায়ু পরিবর্তনের কারণে সৃষ্ট ঝুঁকি ও দূর্যোগ হ্রাসের নিমিত্ত পরিস্থিতির সাথে খাপ খাওয়াতে টেকনাফ বন্যপ্রানী অভয়ারন্য সহ এর ল্যান্ডস্কেপ এলাকার জন্য নিম্নবর্নিত অভিযোজন গ্রহন করা যেতে পারে:

১১.৪.১ সমুদ্রপৃষ্ঠের উচ্চতা বৃদ্ধি/ঝড় ঝঞ্চা/আকস্মিক বন্যা/অতি বৃষ্টিপাত/নদীর ক্ষীন প্রবাহ জনিত ঝুঁকির অভিযোজন

- কম সময়ে পাকে এমন ধানের জাত উদ্ভাবন করে তার চাষ করা
- এলাকায় বাড়ীঘর, রাস্তাঘাট ও অন্যান্য অবকাঠামো অকাল বন্যা ও ঝড় সহিষ্ণু করে তৈরী করা
- ঝুঁকিপূর্ণ এলাকা চিহ্নিত করে ভূমির ব্যবহার সংক্রান্ত নীতিমালায় পরিবর্তন আনা এবং ঝুঁকিপূর্ণ এলাকায় বসতি স্থাপনে নিরুৎসাহিত করা
- কৃষি, মৎস্য ও পশু পালন ক্ষেত্রে প্রচলিত পদ্ধতিতে উন্নত পরিবর্তন আনা, দুর্যোগ সময়ের আগেই কাটা যায় এমন ফসলের চাষ করা
- ভাসমান সবজী বাগান এবং উঁচু পিট পদ্ধতিতে চাষাবাদের মাধ্যমে এলাকায় বর্ষা মৌসুমে ফসল উৎপাদন করা
- প্রয়োজনীয় সংখ্যায় এলাকা ভিত্তিক গুদাম ও কোল্ড স্টোরেজ তৈরী করে মৌসুমে উৎপাদিত খাদ্যের মজুদ ও সংরক্ষণ করা, যাতে আপদকালীন সময়ে খাদ্যের প্রাপ্যতা নিশ্চিত করা যায়।
- দীর্ঘ শিকড় হয় এমন গাছ লাগানো
- নদীর নব্যতা রক্ষার্থে নিয়মিত ড্রেজিং করা

১১.৪.২ পানির ঝুঁকির অভিযোজন

- শুষ্ক মৌসুমে পানি সংকটের কারণে ফসল ও মাছের উৎপাদন ক্ষতিগ্রস্ত হচ্ছে এবং ভবিষ্যতে এর মাত্রা আরও বৃদ্ধি পাবে। এ ক্ষেত্রে হাজা মজা পুকুর পুণঃ খননের ব্যবস্থা করে মৎস্য চাষ করা।
- বিশুদ্ধ পানির অভাবে নানাবিধ পানি বাহিত রোগ-ব্যাধিতে আক্রান্তের সংখ্যা দিন দিন বৃদ্ধি পাচ্ছে।

এ ক্ষেত্রে খাবার পানি হিসেবে বৃষ্টির পানি ধরে রাখার কৌশল ও ব্যবস্থা করা এবং সুপেয় পানির প্রাপ্যতার জন্য কমিউনিটি পুকুর খনন ও রক্ষণাবেক্ষণ করা।

- ভূ-উপরিভাগের পানি পরিমিত ব্যবহারের মাধ্যমে সেচ কাজ করা সহ পর্যাপ্ত সুপেয় পানির ব্যবস্থা করা।
- ভু-গর্ভস্থ পানি ব্যবহার হ্রাস করে চক্রাকারে (Recycle) পানি শোধন করে ব্যবহার করা সহ নদী খালের পানি বিশুদ্ধ রাখা এবং পয়ঃ ব্যবস্থাপনার উন্নয়ন করা।

১১.৪.৩ স্বাস্থ্য ঝুঁকির অভিযোজন

- প্রতি বছর গ্রীষ্মকালে বাংলাদেশে জলবায়ুর প্রকোপ দেখা দেয় এবং এতে শিশুরাই অধিক হারে আক্রান্ত হয়। শিশুদের জ্ঞান বৃদ্ধির জন্য স্কুলের পাঠ্যক্রমে জলবায়ু পরিবর্তন এবং এর প্রভাব ও খাপ খাওয়ানো সম্পর্কিত বিষয়াদি অন্তর্ভূক্ত করা।
- জলবায়ু পরিবর্তনের ফলে জনস্বাস্থ্যের উপর কি ধরনের বিরুপ প্রতিক্রিয়া পড়তে পারে তার উপর গবেষণা পরিচালনা করা এবং এর ফলাফলের ভিত্তিতে কর্মসুচি গ্রহণ করা।

১১.৪.৪ উন্নয়ন ঝুঁকির অভিযোজন

- এলাকা ভিত্তিক জলবায়ু পরিবর্তনের ফলে সৃষ্ট অবস্থার উপর গবেষণায় প্রাপ্ত ফলাফল অনুযায়ী জোনিং করে সে মতে উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন করা। যেমন: নদী ভাঙ্গন বৃদ্ধি পাবে এমন অঞ্চল, খরাক্রান্ত বা বন্যা কবলিত হবে এমন অঞ্চল, ইত্যাদি।
- কৃষি খাতের উন্নয়নে ক্ষতি এড়ানোর জন্য কম সময়ে পাকে এমন ফসলের জাত এবং বন্যার ঝুঁকি এড়ানো যায় এরকম চাষ পদ্ধতির প্রবর্তন করা।

- উন্নয়ন কর্মকান্ডে সংশিণ্টষ্ট সকল সরকারী বেসরকারী কর্মকর্তা কর্মচারীদের জলবায়ু পরিবর্তন, এর প্রভাব ও খাপ খাওয়ানোর উপায়ের উপর প্রশিক্ষণ দেওয়া।
- প্রতিটি উন্নয়ন পরিকল্পনা প্রণয়নের সময় জলবায়ু পরিবর্তন সংক্রান্ড় ঝুঁকি মোকাবেলার পরিকল্পনা রাখা এবং এ সংক্রান্ড় প্রয়োজনীয় অর্থের সংস্থান রাখা।

১১.৪.৫ খরা ঝুঁকির অভিযোজন

- খরা বৃদ্ধির ফলে ফসল হানি ঘটছে, দেখা দিচ্ছে খাদ্যাভাব। অনাহারে-অর্ধাহারে ও অপুষ্টিজনিত স্বাস্থ্যহীনতা দেখা যাচ্ছে ব্যপকহারে।
- অনাবৃষ্টি ও খরার কারণে অনেক জলাভূমি শুকিয়ে যাবে। ফলে জলাভূমি থেকে প্রাপ্ত খাদ্যের যোগান (মাছ, শাক-সবজি) কমে যাবে বা ক্ষতিগ্রস্ড় হবে। এতে খাদ্যের অভাবসহ মূল্য বৃদ্ধি ঘটবে এবং দরিদ্র জনগণের খাদ্য ঝুঁকি বাড়বে।

১১.৫ অভিযোজনের সম্ভাব্য উপায়সমূহ

- সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে গ্রাম-ভিত্তিক দুর্যোগ প্রস্তুতি ও মোকাবেলায় দল গঠন
- দুর্যোগ পূর্ব সতর্কীকরণ ব্যবস্থা গ্রহণ সহ দুর্যোগ পূর্ববর্তী প্রস্তুতি গ্রহণ
- গ্রাম ভিত্তিক তথ্যকেন্দ্র স্থাপন সহ গ্রাম দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সাথে সমন্বয় সাধন
- কমিউনিটি ভিত্তিক আশ্রয়কেন্দ্র নির্মাণ এবং সময়মত আশ্রয়কেন্দ্রে স্থানান্ড়র
- বেড়ীবাঁধ/বন্যা প্রতিরোধক বাঁধ নির্মাণ/এলাকাভিত্তিক গবাদি পশুর আশ্রয়কেন্দ্র নির্মাণ
- বন্যা পরবর্তী পুনর্বাসনের জন্য বিভিন্ন সরকারি/বেসরকারি সংস্থার সাথে যোগাযোগ স্থাপন
- খাদ্যাভাস পরিবর্তন সহ বিকল্প জীবিকায়ন এর ব্যবস্থা গ্রহণ
- বন্যা সহিষ্ণু নলকূপ স্থাপন/ বৃষ্টির পানি সংগ্রহ ও সংরক্ষন/নতুন পুকুর খনন/পূনঃখনন, ইত্যাদি
- খরা/জলাবদ্ধতা/লবনাক্ত সহিষ্ণু ফসলের চাষ
- কমিউনিটি ভিত্তিক বীজ ভান্ডার তৈরি/ ভাসমান সবজি চাষ/বনায়ন/উন্নত চুলার ব্যবহার/ খাঁচায় মাছ চাষ, ইত্যাদি।

১১.৬ স্থানীয় জনগন কর্তৃক চিহ্নিতকৃত টেকনাফ বন্যপ্রানী অভয়ারন্য এবং এর ল্যান্ডস্কেপ এলাকায় জলবায়ু পরিবর্তনজনিত ক্ষয়ক্ষতি এবং এর সম্ভাব্য অভিযোজন পরিকল্পনা

<u>বর্তমান ব্যবস্থাপনা (Management Situation) / অবস্থা</u>

১. সিএমও এর নাম ঃ **শীলখালী সহ-ব্যবস্থাপনা কমিটি**
২. রক্ষিত এলাকার নাম ঃ **টেকনাফ বন্যপ্রাণী অভয়ারণ্য**
৩. অবস্থান (গ্রাম, ইউনিয়ন, উপজেলা, জেলা) ঃ

সিএমও	গ্রাম	ইউনিয়ন	উপজেলা	জেলা
শীলখালী সহ-ব্যবস্থাপনা কমিটি	উত্তর শীলখালী	বাহারছড়া	টেকনাফ	কক্সবাজার
ঐ	জাহাজপুরা	বাহারছড়া	টেকনাফ	কক্সবাজার
ঐ	মাঠপাড়া	বাহারছড়া	টেকনাফ	কক্সবাজার
ঐ	মাদারবানয়া	বাহারছড়া	টেকনাফ	কক্সবাজার
ঐ	হলনবনিয়া	বাহারছড়া	টেকনাফ	কক্সবাজার
ঐ	স্যাম্পল প্লট	বাহারছড়া	টেকনাফ	কক্সবাজার
ঐ	উত্তর চাকমাপাড়া	বাহারছড়া	টেকনাফ	কক্সবাজার
ঐ	দক্ষিন চাকমাপাড়া	বাহারছড়া	টেকনাফ	কক্সবাজার
ঐ	শামলাপুর ঘোনানপাড়া	বাহারছড়া	টেকনাফ	কক্সবাজার
ঐ	জুমপাড়া	বাহারছড়া	টেকনাফ	কক্সবাজার
ঐ	পূর্ব ফারির বিল	বাহারছড়া	টেকনাফ	কক্সবাজার
ঐ	চৌকিদারপাড়া	বাহারছড়া	টেকনাফ	কক্সবাজার
ঐ	হাজমপাড়া	বাহারছড়া	টেকনাফ	কক্সবাজার
ঐ	কাদেরপাড়া	বাহারছড়া	টেকনাফ	কক্সবাজার
ঐ	বাইল্লারছড়া	বাহারছড়া	টেকনাফ	কক্সবাজার
ঐ	মাথাভাংগা	বাহারছড়া	টেকনাফ	কক্সবাজার
ঐ	মারিসবনিয়া	বাহারছড়া	টেকনাফ	কক্সবাজার
ঐ	বড়ডেইল	বাহারছড়া	টেকনাফ	কক্সবাজার
ঐ	শামলাপুর পর্বপাড়া	বাহারছড়া	টেকনাফ	কক্সবাজার
ঐ	মাঠপাড়া	বাহারছড়া	টেকনাফ	কক্সবাজার
ঐ	মাদারবনিয়া	বাহারছড়া	টেকনাফ	কক্সবাজার
ঐ	জাহাজপুরা	বাহারছড়া	টেকনাফ	কক্সবাজার
ঐ	হলবনিয়া	বাহারছড়া	টেকনাফ	কক্সবাজার
ঐ	উত্তর শীলখালী	বাহারছড়া	টেকনাফ	কক্সবাজার
ঐ	উত্তর পুরানপাড়া	বাহারছড়া	টেকনাফ	কক্সবাজার
ঐ	পুরানপাড়া গুচ্ছ গ্রাম	বাহারছড়া	টেকনাফ	কক্সবাজার
ঐ	কাদেরপাড়া	বাহারছড়া	টেকনাফ	কক্সবাজার
ঐ	করাচিপাড়া	বাহারছড়া	টেকনাফ	কক্সবাজার
ঐ	নার্সারীপাড়া	বাহারছড়া	টেকনাফ	কক্সবাজার
ঐ	শিলছড়ি	বাহারছড়া	টেকনাফ	কক্সবাজার
ঐ	বাইল্লারছড়া	বাহারছড়া	টেকনাফ	কক্সবাজার
ঐ	হাগমপাড়া	বাহারছড়া	টেকনাফ	কক্সবাজার

৪. জনসংখ্যা ঃ ২৭,১৯৬ জন পুরুষ ঃ ১৪,৩৫০ জন নারী ঃ ১২,৮৪৬

৫. শিক্ষিত জনগোষ্ঠীর শতকরা হার ঃ ২২.২৫ %

৬. ভূপ্রকৃতি ঃ পাহাড়ী ও সমতল ভূমি

৭. অবকাঠামো (পাকা সড়ক, কাঁচা সড়ক, শিক্ষা প্রতিষ্ঠান, বেড়ীবাঁধ, আশ্রয় কেন্দ্র, হাট / বাজার ইত্যাদি) ঃ

নাম	বিবরণ	মন্তব্য
পাকা সড়ক	১৪ কিঃ মিঃ	

কাঁচা সড়ক	২৫ কিঃমিঃ	
শিক্ষা প্রতিষ্ঠান/**মাদ্রাসা**	৪৪ টি	
বেড়ীবাঁধ	প্রযোজ্য নয়	
আশ্রয় কেন্দ্র কাম স্কুল	২৪ টি	
হাট / বাজার	১১ টি	
পুলিশ ফাড়ি	১ টি	
কিয়াং	১টি	

৮. নদ-নদী ঃ

প্রধান খাল	অবস্থান	আয়তন
মনতানিয়া খাল	কাপলা পুর গ্রামের পার্শ্বে	কর্ম এলাকায় দৈর্ঘ্য প্রায় ০২ কিঃমিঃ
বাইল্ল্যাছড়া খাল	গ্রামের মধ্য দিয়া	কর্ম এলাকায় দৈর্ঘ্য প্রায় ১.৫ কিঃমিঃ
বহিণীছড়া	জাহাজুরা গ্রামের ভিতর দিয়া	কর্ম এলাকায় দৈর্ঘ্য প্রয় ২ কিঃমিঃ
মাদাবুনিয়াছড়া	গ্রামের ভিতর ও পার্শ্ব দিয়া	কর্ম এলাকায় দৈর্ঘ্য প্রায় ১.৫ কিঃমিঃ

০৯। পুকুর/ জলাশয় ঃ- ৪ টি এবং বিল ৩ টি

১০। বনাঞ্চল (বনের ধরন, প্রধান প্রজাতি ও পরিমান) ঃ- সামাজিক বনায়ন, প্রাকৃতিক বন। আকাশমনি,গামার, সেগুন, , মেহগনি, অর্জুন, ঝাউ ইত্যাদি। ২,৯৫৭ হেক্টর।

১১। কৃষি জমি ও উৎপাদিত ফসল ঃ- ১, ২ ৬৪.৬৪ একর, ধান,**পান,সুপারী,**তরমুজ, শাক-সবজি, ইত্যাদি।

১২। প্রাকৃতিক দুর্যোগ (দুর্যোগের ধরন, সময়কাল ও ক্ষয়ক্ষতি) ঃ

ছক-১ প্রাকৃতিক দুর্যোগের তথ্যাবলী

দুর্যোগ	দুর্যোগের তীব্রতা (খুব বেশী, বেশী, মধ্যম ও কম)	সময়কাল	কয়টি পরিবার ক্ষতিগ্রস্ড় হয়েছে	প্রাসঙ্গিক তথ্য
ঘুর্নিঝড়	বেশী	এপ্রিল,১৯৯১	১৩৬ টি	
বন্যা	বেশী	১৯৯১ ইং	৬৪৮টি	

ছক -২ দুর্যোগের মাত্রা নির্ধারণ

দুর্যোগের ধরন	সংকটপূর্ণ	খুব গুর"তর	গুর"তর	গুর"তর নয়	আদৌ কোন ঝুকি নেই
ঘুর্নিঝড়	✓				
বন্যা	✓				

ছক -৩ দুর্যোগের ফলে ক্ষতিগ্রস্ড়খাত নির্ধারন

দুর্যোগের ধরন	কৃষি	মৎস্য	পশুসম্পদ	যোগাযোগ অবকাঠামো (রাস্ড়া/ ঘাট, ব্রীজ/ কালভাট)	অবকাঠামো (বাড়ী/ ঘর/ প্রতিষ্ঠান)	স্বাস্থ্য	শিক্ষা (স্কুল/কলেজ)	জীবিকা	অন্যান্য
ঘুর্নিঝড়	✓		✓	✓	✓		✓		
বন্যা	✓	✓	✓	✓	✓	✓	✓	✓	

ছকঃ ৪ অভিযোজনের সম্ভাব্য উপায় বিশে- ষণ

দুর্যোগ/ বিপন্নতার ধরন	অভিযোজনের উপায়	এ ধরনের কাজ করা হয় কিনা	কেন করা হয় না	না করলে কি করতে হবে
ঘুর্নিঝড়	আশ্রয়কেন্দ্র নির্মান	না	সচেতনতা ও প্রয়োজনীয় সম্পদের অভাবে	জনগণকে সচেতন করতে হবে,অর্থ সংগ্রহ করতে হবে,
	দূর্যোগ সহিষ্ণু গৃহ নির্মাণ	না	তহবিলের অভাব, যথাযথ উদ্যোগের অভাব	জনগণকে সচেতন করতে হবে,প্রশিক্ষণ দিতে হবে,

বন্যা	বেরীবাঁধ নির্মাণ	না	তহবিলের অভাব, যথাযথ উদ্যোগের অভাব	পানি উন্নয়ন বোর্ড ও স্থানীয় সরকার বিভাগের সাথে যোগা যোগ করা ও বিভিন্ন উৎস থেকে ফান্ড সহগ্রহ করা

ছকঃ ৫ সম্ভাব্য অভিযোজন পরিকল্পনা

এলাকার নাম	বিপন্নতার ধরন	অভিযোজনের উপায় সমূহ		প্রয়োজনীয় সম্পদ	মূল্য নির্ধারণ	দায়িত্ব প্রাপ্ত ব্যক্তি/প্রতিষ্ঠান	মন্ড়ব্য
		স্বল্প মেয়াদী	দীর্ঘ মেয়াদী				
টেকনাফ বন্যপ্রাণী আভয়ারণ্য	**ঘুর্নিঝড়**		আশ্রয়কেন্দ্র নির্মান-৫টি	অর্থ, লোকবল,ভূমি	১.৪ কোটি	সরকারী ও বেসরকারী সংস্থা	
			সচেতন করা	সভা, সেমিনার	১০ লক্ষ	জিও,এনজিও এবং দাতা সংস্থা	
	বন্যা		বেরী বাঁধ নির্মাণ ১৫ কিঃ মিঃ	অর্থ, লোকবল	১.৪০ লক্ষ	সরকার ও বেসরকারী সংস্থা	
			জনসচেতনতা সৃষ্টি	অর্থ. প্রশিক্ষণ এবং উপকরণ	৮ লক্ষ	সরকারী ও বেসরকারী সংস্থা	

ছকঃ ৬ গোষ্ঠীভিত্তিক অভিযোজন পরিকল্পনা বাস্ড়বায়নের মনিটরিং

কার্যক্রম	সূচক	অর্জিত সাফল্য (সংখ্যা/ পরিমাণ				মোট	মন্ড়ব্য
		১ম কোর্য়াটার	২য় কোর্য়াটার	৩য় কোর্য়াটার	৪র্থ কোর্য়াটার		
আশ্রয়কেন্দ্র নির্মান	৫ টি	১	১	১২	১	**৫ টি**	
বেরী বাঁধ নির্মাণ	১৫ কিঃ মিঃ	৩	৪	৪	৪	১৫ কিঃ মিঃ	

পঞ্চ বার্ষিক উন্নয়ন পরিকল্পনা (সম্ভাব্য)
শিলখালী সহ-ব্যবস্থাপনা কমিটি, টেকনাফ বন্যপ্রাণী অভয়ারণ্য
(জুলাই' ২০১০ - জুন' ২০১৫)

ক্রম:		কৌশলগত কার্যক্রম	একক	লক্ষ্যমাত্রা	ব্যয় /একক ('০০০ টাকা)	মোট ব্যয় ('০০০ টাকা)	সম্পদ / তহবিলের উৎস			মন্তব্য
							আইপ্যাক/ অন্যান্য	এফ ডি	সি এম সি	
১		২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
১	*০*	***আবাসস্থল সংরক্ষণ কার্যক্রম***								
১	১	সহ-ব্যবস্থাপনা পরিষদ সভা	সংখ্যা	১১	৩০	৩৩০	√	-	√	
১	২	সহ-ব্যবস্থাপনা কমিটি সভা	সংখ্যা	৬০	৫	৩০০	√	-	√	
১	৩	যৌথ পেট্রলিং দলের মাসিক সভা (৩ টি দল, সদস্য সংখ্যা ৯২)	সংখ্যা	৩০০	১.৫	৪৫০	√	-	√	
১	৪	গ্রাম সংরক্ষণ দলের সভা (৩২ টি)	সংখ্যা	১৯২০	.৫	৯৬০	√	-	√	
১	৫	পিপলস ফোরামের ত্রৈমাসিক সভা (সদস্য সংখ্যা ৬৪)	সংখ্যা	২০	১৫	৩০০	√	-	√	
১	৬	বন সংরক্ষণ ক্লাবের সাথে সভা (দুই মাসে একবার) (২ টি)	সংখ্যা	৬০	১	৬০	√	-	√	
১	৭	যৌথ পেট্রলিং দলের পেট্রলিং উপকরণ সহায়তা (ছাতা, লাঠি, বাঁশী ১২ জনকে ২বার) (পোষাক, জঙ্গল বুট, টচ লাইট ৯২ জনকে ১ বার)	সংখ্যা	১৮৪	৩	৫৫২	√	-	-	
১	৮	পেট্রোলিং দলের সদস্য আহত হলে চিকিৎসা ব্যয়	সাকুল্যে	০	-	১২০	√	-	√	
১	৯	বন টহল দলের সদস্যদের আপদকালীন সহায়তা	সাকুল্যে	০	-	১২০	√	-	√	
১	১০	বন্যপ্রাণী আহত হলে চিকিৎসা ব্যয়	সাকুল্যে	০	-	১৫০	√	√	√	
১	১১	বন সম্পর্কিত দ্বন্দ নিরসন সভা (প্রয়োজন হলে)	সাকুল্যে	০	-	৫০	√	-	√	
১ এর মোট						**৩,৩৯২.০০**				
২	*০*	***সচেতনতামূলক সভা ও সমাবেশ / কার্যক্রম ঃ***								
২	১	সিএমসি'র সাথে স্থানীয় সুশীল সমাজের মতবিনিময় সভা	সংখ্যা	১০	১০	১০০	√	-	√	

ক্রম:		কৌশলগত কার্যক্রম	একক	লক্ষ্যমাত্রা	ব্যয় /একক ('০০০ টাকা)	মোট ব্যয় ('০০০ টাকা)	সম্পদ / তহবিলের উৎস			মন্তব্য
							আইপ্যাক/ অন্যান্য	এফ ডি	সি এম সি	
১		২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
২	২	বন থেকে অবৈধ বৃক্ষ নিধন, কাঠ চুরি, বন ভূমি দখল, বনে আগুন দেয়া ও বনকে অবৈধ চারণ ক্ষেত্র হিসাবে ব্যবহার বন্ধে গ্রাম পর্যায়ে সচেতনতামূলক সভা	সংখ্যা	২০	৩	৬০	√	-	√	
২	৩	সংরক্ষণ কার্যক্রমের জন্য পুরষ্কার/প্রেষণা: ১) বন বিভাগ, সিএমসি সদস্য, যৌথ পেট্রলিং দলের সদস্য, বাফার বাগানের উপকারভোগী ও স্থানীয় জনগোষ্ঠীর জন্য	সংখ্যা	২৫	৫	১২৫	√	√	√	
২	৪	বাফার বাগন উপকারীভোগীদের দায়-দায়ীত্ব বিষয়ক সচেতনতামূলক সভা (৩ টি বিট)	সংখ্যা	৩০	১	৩০	√	-	√	
২	৫	স্থানীয় জনগণ/কর্তৃপক্ষের অংশগ্রহণে পরিবেশ ও জীববৈচিত্র সংরক্ষণে অংশগ্রহণ নিশ্চিত করতে সচেতনতামূলক মতবিনিময় সভা	সংখ্যা	৬	১	৬	√	-	√	
২	৬	বাস-জীপ-ট্রাক- টেম্পু-টমটম ড্রাইভার/মালিকদের সাথে বন থেকে অবৈধভাবে লাকড়ি ও গাছ/কাঠ পরিবনহন বন্ধে মতবিনিময় সভা	সংখ্যা	৬	৫	৩০	√	-	√	
২	৭	উন্নত চুলা (বন্ধু চুলা) সম্পসারণ/ব্যবহার বিষয়ক সচেতনতামূলক সভা	সংখ্যা	৬	৩	১৮	√	-	√	
২	৮	পরিবেশ, জীববৈচিত্র সংরক্ষণ বিষয়ক সচেতনতামুলক সভা	সংখ্যা	৬	৫	৩০	√	-	√	
২	৯	পরিবেশ, জীববৈচিত্র সংরক্ষণ বিষয়ক গণ নাটক,গণ সঙ্গীত পরিবেশণা	সংখ্যা	৬	১৫	৯০	√		√	
২	১০	বিভিন্ন ধর্মীয় নেতা/ঈমামদের সাথে সচেতনতামূলক কর্মসূচী/সভা	সংখ্যা	৬	৪	২৪	√		√	
২	১১	পরিবেশ সংরক্ষণে উদ্যোগী বেসরকারী উন্নয়ন সহযোগী সংস্থার সাথে সমন্বয় করে কার্যক্রম গ্রহণ	সাকুল্যে	০	-	২০	√	-	√	

ক্রম:		কৌশলগত কার্যক্রম	একক	লক্ষ্যমাত্রা	ব্যয় /একক ('০০০ টাকা)	মোট ব্যয় ('০০০ টাকা)	সম্পদ / তহবিলের উৎস			মন্তব্য
							আইপ্যাক/ অন্যান্য	এফ ডি	সি এম সি	
১		২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
২	১২	পরিবেশ ও জীববৈচিত্র সংরক্ষণে বন নির্ভর জনগোষ্ঠীর আর্থ-সামাজিক উন্নয়ন ও সংরক্ষণ কার্যক্রম টেকসইকরণ (বন্ধু চুলা) বিষয়ক বিভিন্ন প্রকল্প প্রস্ড়াবনা তৈরী, প্রকল্প গ্রহণ ও বাস্ড়বায়ন	সংখ্যা	০	-	১৫	√	-	√	
২ এর মোট						**৫৪৮.০০**				
৩	*০*	***বিভিন্ন দিবস উদযাপন ঃ***								
৩	১	জাতীয় দিবস	সংখ্যা	১৫	৫	৭৫	√		√	
৩	২	পরিবেশ দিবস	সংখ্যা	৫	৫	২৫	√		√	
৩	৩	সহ-ব্যবস্থাপনা দিবস পালন	সংখ্যা	৫	৫	২৫	√		√	
৩	৪	ধরিত্রী দিবস উদযাপন	সংখ্যা	৫	২	২৫	√		√	
৩	৫	পানি দিবস	সংখ্যা	৫	৫	২৫	√		√	
৩	৬	জীব বৈচিত্র দিবস	সংখ্যা	৫	৫	২৫	√		√	
৩ এর মোট						২০০.০০				
৪	*০*	***মূল অঞ্চল ব্যবস্থাপনা কার্যক্রম***								
৪	১	ফলের বাগান সৃজন	হেক্টর	২০০০	৩০	৬০০০০		√		
৪	২	ঘাস বাগান সৃজন	হেক্টর	১০০	১০	১০০০		√		
৪	৩	পশু খাদ্যের বাগান সৃজন	হেক্টর	২০০	১৫	৩০০০		√		
৪	৪	ক্লিনিং ,কপিচ ব্যবস্থাপনা, মোথা কাটিং, গ্রেডিং, গত বছরের বাফার বাগান ব্যবস্থাপনা	হেক্টর	২০০	১২	২৪০০		√		
৪	৫	আগুন নির্বাপণি প্রয়োজনীয় যন্ত্রপাতি ক্রয়/ব্যবস্থাপনা	সাকুল্যে			১০০		√		
৪		বন্যপ্রাণী ও স্থানীয় জনগোষ্ঠির জন্য জলাধার সংস্কার/ছড়া	সংখ্যা	৩০	১০০	৩০০০	√	√		
৪ এর মোট						**৬৯,৫০০.০০**				

ক্রম:		কৌশলগত কার্যক্রম	একক	লক্ষ্যমাত্রা	ব্যয় /একক ('০০০ টাকা)	মোট ব্যয় ('০০০ টাকা)	সম্পদ / তহবিলের উৎস			মন্তব্য
							আইপ্যাক/ অন্যান্য	এফ ডি	সি এম সি	
১		২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
৫	*০*	***ল্যান্ডস্কেপ অঞ্চল ব্যবস্থাপনা***								
৫	১	বাগান ও প্রাকৃতিক বন ব্যবস্থাপনা ২০১০-২০১১ সালের বাফার বাগান উত্তোলণ	হেক্টর							
৫	২	.. রাস্তা .. হতে পর্যন্ড় রাস্তা মেরামত	কি:মি:							
৫	৩	উলেখিত রাস্ড়া মেরামত (২য় বছর)	কি:মি:							
৫	৪	ল্যান্ডস্কেপ এলাকায় কালভার্ট/ ব্রীজ নির্মাণ / ফ্রুট ব্রীজ	সংখ্যা	৪	১০০	৪০০	√	√	√	
৫	৫	ইকো-কটেজ স্থাপন	সংখ্যা	১	৫০	৫০	√	-	√	
৫	৬	টুরিষ্ট স্প তৈরী	সংখ্যা	১	৩০	৩০	√	√	√	
৫	৭	ল্যান্ডস্কেপ এলাকায় নলকুপ স্থাপন	সংখ্যা	৬	৫০	৩০০	√	√	√	
৫	৮	উন্নত চুলা স্থাপন	সংখ্যা	২০০	১.৫	৩০০	√	√	√	
৫ এর মোট						১,০৮০.০০				
৬	*০*	***জীবিকায়ন কর্মসূচী সুনির্দিষ্টকরণ***								
৬	১	বন টহল দলের সদস্যদের জন্য গর" মোটাতাজাকরণ/ বিকল্প কর্ম সংস্থান	সংখ্যা							
৬	২	মাছ চাষ	সংখ্যা	২০০	৮	১৬০০	√	-	√	
৬	৩	কৃষি	সংখ্যা	৩০০	৩	৯০০	√	-	√	
৬	৪	বসতভীটায় সবজি চাষ	সংখ্যা	৫০০	১	৫০০	√	-	√	
৬	৫	তাঁত প্রশিক্ষণ ও আর্থিক সহযোগিতা	সংখ্যা	৫০	৫	২৫০০	√	-	√	
৬	৬	বাঁশ বেতের কাজ	সংখ্যা	২০০	৩	৬০০	√	-	√	
৬	৭	নার্সারী স্থাপন	সংখ্যা	১০	১০	১০০	√	-	√	
৬	৮	হাঁস-মুরগী পালন	সংখ্যা							

ক্রম:		কৌশলগত কার্যক্রম	একক	লক্ষ্যমাত্রা	ব্যয় /একক ('০০০ টাকা)	মোট ব্যয় ('০০০ টাকা)	সম্পদ / তহবিলের উৎস			মন্তব্য
							আইপ্যাক/ অন্যান্য	এফ ডি	সি এম সি	
১		২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
৬	৯	বাঁশের নার্সারী স্থাপন	সংখ্যা	১২	৫	২৫০	√	-	√	
৬	১০	রেশম চাষে সহায়তা	সংখ্যা	১৫০	৫	৭৫০	√	-	√	
৬ এর মোট						৭,২০০.০০				
৭	*০*	***সুযোগ-সুবিধা উন্নয়ন কার্যক্রম***								
৭	১	রেঞ্জ কর্মকর্তার অফিসের সাথে যোগাযোগের জন্য পাঁচটি মোবাইল	সাকুল্যে	৩	৫	১৫				
৭	২	টহল কার্যক্রম পরিচালনার জন্য প্রয়োজনীয় যানবাহন (পিকআপ) ক্রয়	সংখ্যা	১	১,৫০০	১,৫০০	√	√	-	
৭	৩	টহল কার্যক্রম পরিচালনার জন্য বিভিন্ন গুর"ত্বপূর্ণ স্থানে সেড নির্মাণ	সংখ্যা	৬	২০	১২০	√	√	√	
৭	৪	ডিজিটাল ক্যামেরা ক্রয়	সংখ্যা	১	১০	১০	√	-	√	
৭	৫	ইন্টারনেট মডেম ক্রয়	সংখ্যা	১	৩	৩	√	√	-	
৭	৬	অফিস সরঞ্জাম	সাকুল্যে	০	-	১০০	-	√	-	
৭ এর মোট						১,৭৪৮.০০				
৮	*০*	***দর্শনার্থী ব্যবস্থাপনা কার্যক্রম***								
৮	১	নেচার ইন্টারপ্রিটেশন সেন্টার স্থাপন	সংখ্যা	১	১০০০০	১০০০০				
৮	২	তথ্যকেন্দ্র সংস্কার/উন্নয়ন	সংখ্যা							
৮	৩	প্রধান গেইট সংলগ্ন টিকিট কাউন্টার নির্মাণ	সংখ্যা							
৮	৪	টেকনাফ জাতীয় উদ্যানের প্রবেশ পথে স্থায়ী গেইট নির্মাণ	সংখ্যা	১	১০০	১০০				
৮	৫	পার্কের ভিতরে বিধিনিষেধ সম্বলিত সাইন বোর্ড	সংখ্যা	১০	৫	৫০	√	-	√	
৮	৬	ট্রেইলে দিক নির্দেশক স্থাপন	সংখ্যা	২	০.৫	১০	√	-	√	

ক্রম:		কৌশলগত কার্যক্রম	একক	লক্ষ্যমাত্রা	ব্যয় /একক ('০০০ টাকা)	মোট ব্যয় ('০০০ টাকা)	সম্পদ / তহবিলের উৎস			মন্তব্য
							আইপ্যাক/ অন্যান্য	এফ ডি	সি এম সি	
১		২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
৮	৭	পুরাতন সাইনবোর্ড সংস্কার ও রং করা	সংখ্যা	৫	২	১০	√		√	
৮	৮	নেচার ট্রেইল এ প্রাকৃতিক ছড়ার উপর কাঠের ব্রীজ সংস্কার ও নির্মাণ / মেরামত	সংখ্যা	১০	২৫	২৫০	√	-	√	
৮	৯									
৮	১০	ন্যাচার ট্রেইল সংস্কার/উন্নয়ন (৫বছরে ২বার)	সংখ্যা	৩	৫০	১৫০	√	-	√	
৮	১১	নতুন পিকনিক স্পট নির্মাণ	সংখ্যা	২	১০০	২০০	√	-	√	
৮	১২	ইকো-গাইডদের জন্য ইংরেজী ভাষা শিক্ষা ও রিফ্রেশার্স প্রশিক্ষণ	সাকুল্যে	৫	২০	১০০	√	-	-	
৮	১৩	ট্রেইলে পরিবেশ বান্ধব গোলঘর স্থাপন	সংখ্যা	৩	২০	৬০	√	-	√	
৮	১৪	প্রয়োজনীয় ট্র্যাশ ক্যান স্থাপন	সংখ্যা	২০	১	২০	√	-	√	
৮	১৫	স্টুডেন্ট ডরমেটরি চালু করণ	সাকুল্যে							
৮	১৬	পর্যটকদের জন্য ওয়াচ টাওয়ার তৈরী	সংখ্যা	৩	৫০০	১৫০০	√	-	√	
৮	১৭	স্টুডেন্ট ডরমেটরি পাশে লেক তৈরী	সংখ্যা							
৮	১৮	বিভিন্ন প্রাণীর প্রতিকৃতি স্থাপন	সংখ্যা	১৫	১০০	১৫০০	√	-	√	
৮	১৯	প্রিন্ট এবং ইলেকট্রনিক মিডিয়াতে কার্যক্রম প্রচার	সাকুল্যে	০	-	১০০	√	-	√	
৮	১৯	পার্কিং স্থান সম্প্রসারণ	সংখ্যা	১	৫০	৫০	-	-	-	
৮	২০	হাইকিং ট্রেইলে বসার বেঞ্চ তৈরী	সংখ্যা	৫	৫	২৫	√	-	√	
৮	২১	উদ্যানে পিকনিক স্পট, মসজিদ ও টুরিস্ট সপে পানি সরবরাহের জন্য গভীর নলকূপ স্থাপন	সাকুল্যে	১	৫০	৫০	√	-	-	
৮	২২	শিশুদের পরিবেশ বিষয়ক শিক্ষা উপকরণসহ / চিত্ত বিনোদনের জন্য শিশু কর্ণার তৈরী	সংখ্যা	১	৫০০	৫০০	√	-	√	
৮	২৩	টয়লেট তৈরী	সংখ্যা	৩	২০	৬০	√		√	

ক্রম:		কৌশলগত কার্যক্রম	একক	লক্ষ্যমাত্রা	ব্যয় /একক ('০০০ টাকা)	মোট ব্যয় ('০০০ টাকা)	সম্পদ / তহবিলের উৎস			মন্তব্য
							আইপ্যাক/ অন্যান্য	এফ ডি	সি এম সি	
১		২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
৮	২৪	প্রয়োজনীয় জনবল নিয়োগ ও বেতন প্রদান (৫ বছর) প্রতি মাসে ৫ জন	সংখ্যা	২৫	৫	১২৫	√	-	√	
৮	২৫	যাতায়াত ভাতা	সাকুল্যে	০	-	১০০				
৮ এর মোট						১৪,৯৬০.০০				
৯	*০*	***গবেষণা, পরিবীক্ষণ ও দক্ষতা উন্নয়ন কার্যক্রম***								
৯	১	জীব ও গাছের ইনভেন্টরী ও গাছের গায়ে নামাংকৃত পেইট স্থাপন	সাকুল্যে	০	-	১০০	√	√	-	
৯	২	সি এম সি ও বন কর্মকর্তাদের ক্রস ভিজিট	সাকুল্যে	০	-	২০০	√	√	√	
৯	৩	জীববৈচিত্র্যের স্বাস্থ্য পরিবীক্ষণ	সাকুল্যে	০	-	১০০	√	√	-	
৯	৪	আর্থ-সামাজিক অবস্থা পরিবীক্ষণ	সাকুল্যে	০	-	১০০	√			
৯	৫	বিদেশে শিক্ষা সফর (ফরেস্ট রেঞ্জার, ফরেষ্টার ও সিএমসি সদস্য)	সাকুল্যে	০	-	৫০০	√	-	-	
৯	৬	প্রশিক্ষণ (বাংলাদেশে)- এসিএফ, ফরেস্ট রেঞ্জার, ডেপুটি ফরেস্ট রেঞ্জার, ফরেস্টার, ফরেস্ট গার্ড, সিএমসি সদস্য, এনজিও স্টাফ	সংখ্যা	২	৫০	১০০	√	√	-	
৯	৭	প্রশিক্ষণ (বাংলাদেশে)- গ্রাম সংরক্ষণ দল/ পরিষদ/কমিটি	সংখ্যা	৪	২৫	১০০	√	-	-	
৯	৮	শিক্ষা সফর-গ্রাম সংরক্ষণ দল, পিপলস ফোরাম, সহ-ব্যবস্থাপনা কাউন্সিল, সহ-ব্যবস্থাপনা কমিটি (দেশে)	সংখ্যা	২	৫০	১০০	√	-	-	
৯ এর মোট						**১,৩০০.০০**				
১০	*০*	***বিবিধ/ক্রয়***								

ক্রম:		কৌশলগত কার্যক্রম	একক	লক্ষ্যমাত্রা	ব্যয় /একক ('০০০ টাকা)	মোট ব্যয় ('০০০ টাকা)	সম্পদ / তহবিলের উৎস			মন্তব্য
							আইপ্যাক/ অন্যান্য	এফ ডি	সি এম সি	
১		২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
১০	১	ষ্টেশনারী ক্রয় (কাগজ, ফাইলপত্র, অন্যান্য)	সাকুল্যে	০	-	২০	-	-	√	
১০	২	সি.এম.সি-র হিসাব অডিটিং	সংখ্যা	৩	১৫	৪৫	-	-	√	
১০	৩	কম্পিউটার ও অন্যান্য যন্ত্রপাতি মেরামত ও ক্রয়	সাকুল্যে	০	-	১৫	-	-	√	
১০	৪	আপ্যায়ন	সাকুল্যে	০	-	২০				
১০	৫	ফাইল ক্যাবিনেট ক্রয়	সংখ্যা	১	১০	১০	-	-	√	
১০ এর মোট						১১০.০০				
সর্বমোট						**১০,০০৩৮.০০**				